# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 10, 1432 Bangla, February 23, 2026, Monday, No. 54, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has directed authorities to expedite the opening of the long-awaited Third Terminal at Hazrat Shahjalal International Airport (HSIA). (Jago News: 12)

Home Minister Salahuddin Ahmed has said the first session of the National Parliament will be convened on March 12; the Speaker and Deputy Speaker will be elected in the session and the President will deliver an address. (BBC: 03)

The Home Ministry has approved the withdrawal of 1 thousand and 6 cases of 'political harassment'. (BBC: 03)

The govt has decided that an initiative will soon be taken to verify the list of 1971 freedom fighters and preserve the accurate history of the Liberation War. (Jago News: 15)

Consumers Association of Bangladesh has urged authorities to take strict legal measures against parties blocking the market surveillance operations of the National Department of Consumer Rights Protection and threatening to close markets. (Jago News: 14)

EC is awaiting a decision by the 13th National Parliament on whether to amend or approve the ordinance abolishing party nomination in local government elections, including city corporations. (Jago News: 15)

A case has been filed against 150 people for allegedly obstructing MP from Brahmanbaria-2 constituency, Barrister Rumin Farhana, from paying homage at the Shaheed Minar and assaulting activists. (Jago News: 17)

Chinese Ambassador to Bangladesh Yao Wen has said if the Bangladesh govt wants, China can start work on the Teesta project. (BBC: 03)

India has expressed its interest in further advancing bilateral relations with the new govt of Bangladesh on the basis of mutual respect, common interests and mutual benefit. (Jago News: 16)

US President Trump has said on Saturday that he would raise his new, 10 percent global tariff to 15 percent. (NHK: 10)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ১০, বাংলা ১৪৩২, ফেব্রুয়ারি ২৩, ২০২৬, সোমবার, নং- ৫৪, ৫৬তম বছর**

# শিরোনাম

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল চালুর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো নিউজ: ১২)

১২ই মার্চ জাতীয় সংসদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হবে; অধিবেশনে স্পিকার, ডেপুটি স্পিকার নির্বাচিত হবে এবং রাষ্ট্রপতি ভাষণ দেবেন বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। (বিবিসি: ০৩)

'রাজনৈতিক হয়রানিমূলক' এক হাজার ছয়টি মামলা প্রত্যাহারের অনুমোদন দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। (বিবিসি: ০৩)

প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা যাচাই-বাছাই ও সঠিক ইতিহাস সংরক্ষণের সিদ্ধান্ত নিয়েছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। (জাগো নিউজ: ১৫)

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিমূলক অভিযানে বাধা ও মার্কেট বন্ধের হুমকির ঘটনায় দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থার দাবিতে বাণিজ্য মন্ত্রণালয়ে স্মারকলিপি দিয়েছে কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ। (জাগো নিউজ: ১৪)

সিটি করপোরেশনসহ স্থানীয় সরকার নির্বাচনে দলীয় মনোনয়ন থাকছে কি না, সে বিষয়ে নতুন সংসদের সিদ্ধান্তের অপেক্ষায় নির্বাচন কমিশন। (জাগো নিউজ: ১৫)

ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার রুমিন ফারহানাকে শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদনে বাধা ও কর্মীদের মারপিটের অভিযোগে ১৫০ জনের বিরুদ্ধে মামলা করা হয়েছে। (জাগো নিউজ: ১৭)

বাংলাদেশ সরকার চাইলেই চীন তিস্তা প্রকল্পে কাজ শুরু করতে পারে বলে জানিয়েছেন দেশটির রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। (বিবিসি: ০৩)

পারস্পরিক শ্রদ্ধা, অভিন্ন স্বার্থ ও পারস্পরিক সুবিধার ভিত্তিতে বাংলাদেশের নতুন সরকারের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও এগিয়ে নিতে আগ্রহ প্রকাশ করেছে ভারত। (জাগো নিউজ: ১৬)

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তিনি অনেক দেশের উপর তার সদ্য ঘোষিত ১০ শতাংশ শুল্ক ১৫ শতাংশে বৃদ্ধি করবেন। (এনএইচকে: ১০)

# বিবিসি

## ২৬ ফেব্রুয়ারি একুশে পদক প্রদান ও বইমেলা উদ্‌বোধনকরবেন প্রধানমন্ত্রী

আগামী ২৬ ফেব্রুয়ারি একযোগে অনুষ্ঠিত হবে অমর একুশে বইমেলার উদ্‌বোধন ও একুশে পদক প্রদান অনুষ্ঠান। প্রধানমন্ত্রী তারেক রহমান ওইদিন সকালে একুশে পদক দেবেন। বিকেলে বাংলা অ্যাকাডেমি প্রাঙ্গণে বইমেলার উদ্‌বোধন ঘোষণা করবেন প্রধানমন্ত্রী। বাংলাদেশের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা এ খবর প্রকাশ করেছে। সংস্কৃতি মন্ত্রী নিতাই রায় চৌধুরী সাংবাদিকদের এ তথ্য জানান। মি. চৌধুরী বলেন, ২৬ ফেব্রুয়ারি সকালে রাজধানীতে আয়োজিত এক অনুষ্ঠানে দেশের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে গুণিজনদের হাতে একুশে পদক তুলে দেবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এরপর বিকেলে বাংলা অ্যাকাডেমি প্রাঙ্গণে বইমেলার আনুষ্ঠানিক উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার উদ্‌বোধন ঘোষণা করবেন প্রধানমন্ত্রী। এবারের বইমেলায় অংশগ্রহণকারী প্রকাশনা প্রতিষ্ঠানগুলোর স্টল ভাড়া সম্পূর্ণ মওকুফ করেছে সরকার। এ সিদ্ধান্তকে প্রকাশকরা ইতিবাচক হিসেবে দেখছেন। অনুষ্ঠান দুটি ঘিরে ইতোমধ্যে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন।
(বিবিসি ওয়েব পেজঃ ২২.০২.২০২৬ এলিনা)

## ১২ মার্চ জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসবে : সালাহউদ্দিন আহমদ

১২ মার্চ জাতীয় সংসদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হবে। সেই অধিবেশনে স্পিকার, ডেপুটি স্পিকার নির্বাচিত হবে এবং রাষ্ট্রপতির ভাষণ হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার সচিবালয়ে এ কথা জানান তিনি। মি. আহমদ জানান, "১২ মার্চ সংসদ অধিবেশন বসবে বলে নির্ধারিত হয়েছে। সেই অধিবেশনে স্পিকার, ডেপুটি স্পিকার নির্বাচিত হবে এবং ইন্টেরিম গভর্নমেন্টের আমলে যে সমস্ত অধ্যাদেশ প্রণয়ন হয়েছে, সেগুলো উপস্থাপন করা হবে, শোক প্রস্তাব এবং রাষ্ট্রপতির ভাষণ হবে।"(বিবিসি ওয়েব পেজঃ ২২.০২.২০২৬ এলিনা)

## ১৪ এপ্রিলের আগে বগুড়া-৬ ও শেরপুর-৩ আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে

বগুড়া-৬ ও শেরপুর-৩ আসনের নির্বাচন ১৪ এপ্রিলের আগেই অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ। রোববার নির্বাচন কমিশনে এ কথা জানান তিনি। বিএনপি চেয়ারম্যান বগুড়া-৬ আসনটি ছেড়ে দেওয়ায় সেখানে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। আর ভোটের আগে শেরপুর-৩ আসনের একজন প্রার্থী মারা যাওয়ায়, সেই আসনের ভোট বাতিল করে ইসি। সেখানে নির্বাচন অনুষ্ঠিত হবে। একইসাথে সংরক্ষিত নারী আসনের তফশিল প্রসঙ্গে নির্বাচন কমিশনার মি. মাছউদ জানান, এ নির্বাচনের প্রক্রিয়া ইতোমধ্যে কার্যকরভাবে শুরু হয়েছে। সংসদে প্রতিনিধিত্বকারী দলগুলো যে-সব প্রার্থী মনোনীত করবে, মূলত তারাই নির্বাচিত হবেন। দলগুলোর প্রাথমিক কার্যক্রমও শুরু করেছে। "বিধি অনুযায়ী, শপথ গ্রহণের ৯০ দিনের মধ্যে এই নির্বাচন শেষ করতে হয় এবং কমিশন নির্ধারিত সময়সীমার মধ্যেই তা সম্পন্ন করবে। শিগ্‌গিরই তফশিল হবে," বলেন তিনি।
(বিবিসি ওয়েব পেজঃ ২২.০২.২০২৬ এলিনা)

## তিস্তা প্রকল্পে কাজ করতে প্রস্তুত চীন, সরকার চাইলেই কাজ শুরু : চীনা রাষ্ট্রদূত

বাংলাদেশ বা দক্ষিণ এশিয়ার যে-কোন দেশের সাথে সম্পর্কে তৃতীয় কোনো দেশ বা বিদেশি শক্তির হস্তক্ষেপ চীন চায় না বলে মন্তব্য করেছেন দেশটির রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। রোববার সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নে এমন কথা বলেন তিনি। "বাংলাদেশ বা দক্ষিণ এশিয়ার যে-কোনো দেশের সাথে চীনের সম্পর্ক তৃতীয় কোনো পক্ষের টার্গেট হলে ব্যর্থ হবে," বলেন মি. ওয়েন। চীন ও বাংলাদেশের সম্পর্ক এক নতুন উচ্চতায় যাবে বলে আশা প্রকাশ করেন তিনি। তিস্তা প্রকল্প নিয়ে করা প্রশ্নে মি. ওয়েন জানান, সরকার চাইলেই চীন কাজ শুরু করতে পারে, তারা প্রস্তুত।
(বিবিসি ওয়েব পেজঃ ২২.০২.২০২৬ এলিনা)

## ১৮ মাস পর ইউনূস সেন্টারে অধ্যাপক মুহাম্মদ ইউনূস

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন শেষে ১৮ মাস পর নিজের পুরোনো কর্মস্থল ইউনূস সেন্টারে ফিরেছেন অধ্যাপক মুহাম্মদ ইউনূস। ইউনূস সেন্টারের সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক পেইজে এক পোস্টে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, রোববার সকালে রাজধানীর মিরপুরে টেলিকম ভবনে ইউনূস সেন্টারে পৌঁছান। পরে গ্রামীণ সংগঠনগুলোর প্রতিনিধিদের সাথে বৈঠক করেন তিনি। এই বৈঠকে ইউনূস সেন্টারের ব্যবস্থাপনা পরিচালক ও উপদেষ্টারাও উপস্থিত ছিলেন। ইউনূস সেন্টারের এই পোস্টে আরো বলা হয়েছে, ২০০৬ সালে নোবেল শান্তি পুরস্কার পাওয়া মি. ইউনূসের এ মাসের শেষের দিকে গুলশানের নিজ বাসভবনে ফিরে যাওয়ার পরিকল্পনা রয়েছে। চব্বিশের গণ-অভ্যুত্থানের সময় ৫ আগস্ট শেখ হাসিনা পালিয়ে যাওয়ার তিনদিন পরে প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব নেন অধ্যাপক মুহাম্মদ ইউনূস। গত মঙ্গলবার প্রধানমন্ত্রী তারেক রহমান ও তার মন্ত্রিসভার শপথের মধ্যদিয়ে দায়িত্ব শেষ হয় মি. ইউনূসের। (বিবিসি ওয়েব পেজঃ ২২.০২.২০২৬ এলিনা)

## 'রাজনৈতিক হয়রানিমূলক' এক হাজার ছয়টি মামলা প্রত্যাহারের অনুমোদন

'রাজনৈতিক হয়রানিমূলক' এক হাজার ছয়টি মামলা প্রত্যাহারের অনুমোদন দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা ফয়সল হাসান এ তথ্য জানিয়েছেন। এক বিবৃতিতে বলা হয়েছে, "শেখ হাসিনার আমলে ১৭

বছরের বিরোধী দলের নেতা-কর্মীদের বিরুদ্ধে দায়ের করা রাজনৈতিক হয়রানিমূলক এক হাজার ছয়টি মামলা প্রত্যাহারের অনুমোদন দেওয়া হয়েছে।"(বিবিসি ওয়েব পেজ: ২২.০২.২০২৬ এলিনা)

## প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা যাচাই-বাছাইয়ের সিদ্ধান্ত নিয়েছে মুক্তিযুদ্ধ মন্ত্রণালয়

প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা যাচাই-বাছাই এবং সঠিক ইতিহাস সংরক্ষণের সিদ্ধান্ত নিয়েছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য দিয়েছেন মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা এম এ খায়ের। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সদস্যদের সাথে এক মতবিনিময় সভায় এই সিদ্ধান্ত হয়। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী হাফিজ উদ্দিন আহমদ বলেন, "মহান মুক্তিযুদ্ধই বাংলাদেশের স্বাধীনতার মূল ভিত্তি। মুক্তিযুদ্ধের সাথে অন্যান্য আন্দোলন সংগ্রামকে এক করে দেখা ঠিক হবে না। আমাদের মনে রাখতে হবে, মুক্তিযুদ্ধই এই রাষ্ট্রের জন্মের মূল ভিত্তি।"
(বিবিসি ওয়েব পেজ: ২২.০২.২০২৬ এলিনা)

## ১৬ বছর বয়সিদের এনআইডি দেবে নির্বাচন কমিশন

বাংলাদেশের যে সকল নাগরিকের বয়স ১৬ বছর ও ১৭ বছর পূর্ণ হয়েছে বা হবে, তাদের নিবন্ধনের আওতায় আনার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। রোববার নির্বাচন কমিশনের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ এক পরিপত্রে এ তথ্য জানিয়েছে। জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০-এর পাঁচ ধারার আলোকে এই সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন।
(বিবিসি ওয়েব পেজ: ২২.০২.২০২৬ এলিনা)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়াজ আহমদ খান পদত্যাগ করেছেন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদ থেকে অব্যাহতি চেয়ে আবেদন করেছেন নিয়াজ আহমদ খান। রোববার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। সকালে শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলনের সঙ্গে দেখা করে মি. আহমদ উপাচার্যের পদ থেকে অব্যাহতি চেয়ে তার মূল পদ উন্নয়ন অধ্যয়ন বিভাগের অধ্যাপকের পদে ফেরার জন্য রাষ্ট্রপতির বরাবর আবেদনপত্র জমা দিয়েছেন বলে জানিয়েছে জনসংযোগ দফতর। উল্লেখ্য, গত ১০ ফেব্রুয়ারি মি. খান তার দায়িত্ব থেকে সরে দাঁড়াতে চান বলে মন্তব্য করেছিলেন।
(বিবিসি ওয়েব পেজ: ২২.০২.২০২৬ এলিনা)

## জাহানারা আলমকে যৌন হয়রানির অভিযোগে মঞ্জুরুল ইসলাম নিষিদ্ধ

বাংলাদেশ নারী ক্রিকেট দলের সাবেক অধিনায়ক জাহানারা আলমের আনা যৌন হয়রানির অভিযোগ প্রমাণিত হওয়ায়, সাবেক জাতীয় ক্রিকেটার মঞ্জুরুল ইসলামকে ক্রিকেটের সব ধরনের কার্যক্রম থেকে নিষিদ্ধ করেছে বিসিবি। রোববার বিসিবির পরিচালনা পর্ষদের এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এর ফলে দেশের ক্রিকেটের কোনো কিছুর সাথে সম্পৃক্ত হতে পারবেন না মি. ইসলাম। মিজ আলমের করা অভিযোগ তদন্তের জন্য স্বাধীন তদন্ত কমিটির অনুসন্ধানের ভিত্তিতে বিসিবি এই সিদ্ধান্ত নিয়েছে। বিসিবি সাবেক জাতীয় ক্রিকেটার মি. ইসলামকে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের আওতাধীন সকল ধরনের প্রত্যক্ষ বা পরোক্ষ কর্মসংস্থান বা ক্রিকেট সম্পর্কিত কার্যক্রম থেকে নিষিদ্ধ করার সিদ্ধান্ত নিয়েছে। বিসিবি তদন্ত কমিটির সুপারিশ পর্যালোচনা করছে এবং প্রতিবেদনের অনুযায়ী প্রয়োজনীয় বিবেচিত যে-কোনো অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করেছে।(বিবিসি ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রনি)

## আওয়ামী লীগের বিভিন্ন কার্যালয়ে নেতা-কর্মীদের প্রবেশের চেষ্টার নেপথ্যে কী?

নির্বাচনের পর থেকে বিভিন্ন জায়গায় আওয়ামী লীগের নেতা-কর্মীরা দলীয় কার্যালয়ে প্রবেশের চেষ্টা করছেন বা তালা খুলে ভেতরে প্রবেশও করেছেন- এরকম খবর উঠে আসছে সংবাদ মাধ্যমে। দলের নির্দেশে, নাকি ব্যক্তিগত উদ্যোগে তারা এ ধরনের তৎপরতা চালাচ্ছেন, নাকি এর পেছনে বিএনপি বা জামায়াত বা অন্য কারো সঙ্গে কোনো সমঝোতা আছে, এসব প্রশ্নও সামনে আসছে। অধ্যাপক মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকারের সময়ে ২০২৪ সালের আগস্টে ক্ষমতাচ্যুত দলটির রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ করা হয়েছিল এবং সে কারণে তারা এই নির্বাচনেও অংশ নিতে পারেনি। তবে নির্বাচনের পরপরই নেতা-কর্মীরা ঢাকাসহ বেশকিছু জেলা ও উপজেলায় আওয়ামী লীগের দলীয় কার্যালয় খুলে প্রবেশ করেছে বা প্রবেশের চেষ্টা করেছে। আবার কিছু জায়গায় কার্যালয় খোলার পরপর পাল্টা দখল ও হামলারও ঘটনা ঘটেছে। এ ধরনের তৎপরতার পেছনে কারণ কী, তা নিয়ে প্রশ্ন তৈরি হয়েছে অনেকের মধ্যে। আত্মগোপনে থাকা দলটির কেন্দ্রীয় যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম বলছেন, দলের কার্যালয় নিষিদ্ধ বা বাজেয়াপ্ত করা হয়নি বলে দলের নেতা-কর্মী ও সমর্থকদের সেখানে যেতে বাধা নেই বলেই মনে করেন তারা। "এখানে নির্দেশনা বা সমঝোতার কিছু নেই। কর্মী-সমর্থকরা দলীয় কার্যালয়ে যাবে, এটাই স্বাভাবিক। ইউনূসের অবৈধ সরকারের বিদায়ের পর দেশের পরিস্থিতি স্বাভাবিক হবে এবং স্বাভাবিক রাজনৈতিক কর্মকাণ্ড সবার জন্য উন্মুক্ত হবে, এটা আশা করে তৃণমূলের কর্মী-সমর্থকরা দলীয় কার্যালয়ে যাচ্ছে বা যেতে চাইছে," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। প্রসঙ্গত, অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার ২০২৫ সালের মে মাসে আওয়ামী লীগ এবং এর অঙ্গ, সহযোগী ও ভ্রাতৃপ্রতিম সব সংগঠনের কর্মকাণ্ড নিষিদ্ধ ঘোষণা করেছিল।

**দলীয় নির্দেশনা, নাকি কর্মীদের নিজেদের উদ্যোগ?**

আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করার প্রজ্ঞাপনের শেষ দিকে উল্লেখ করা হয়েছিল, "বাংলাদেশ আওয়ামী লীগ এবং এর সকল অঙ্গ সংগঠন, সহযোগী সংগঠন ও ভ্রাতৃপ্রতিম সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচারকার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত বাংলাদেশ আওয়ামী লীগ এবং এর সকল অঙ্গ সংগঠন, সহযোগী সংগঠন ও ভ্রাতৃপ্রতিম সংগঠন কর্তৃক যে-কোনো ধরনের প্রকাশনা, গণমাধ্যম, অনলাইন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে যে-কোনো ধরনের প্রচারণা, মিছিল, সভা-সমাবেশ, সম্মেলন আয়োজনসহ যাবতীয় কর্মকাণ্ড নিষিদ্ধ ঘোষণা করা হলো।" তবে ইউনূস সরকারের সময়েও দলটির নেতা-কর্মীরা ঢাকাসহ বিভিন্ন জায়গায় বিভিন্ন সময়ে বিচ্ছিন্নভাবে 'ঝটিকা মিছিল' বের করেছেন। এছাড়া, দলটির অনেকেই সামাজিক যোগাযোগ মাধ্যমে দলের পক্ষে ও সরকারের বিপক্ষে মতামত বা প্রচারণা চালিয়ে আসছে। নির্বাচন কমিশন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তারিখ ঘোষণার পর সামাজিক মাধ্যমে তাদের 'নো বোট, নো ভোট' প্রচারণাও অনেকের চোখে পড়েছে। ২০২৪ সালের আগস্টের পর নিজ জেলায় অবস্থান করতে পারেননি রিহান সরদার নামে ছাত্রলীগের একজন কর্মী। এরপর ঢাকায় অবস্থান নিয়ে ঝটিকা মিছিলসহ নিজেদের উদ্যোগেই নানা কর্মসূচিতে অংশ নিয়ে আসছেন বলে জানান তিনি। বিবিসি বাংলাকে রিহান সরদার জানান, তারা দলীয় প্রধান শেখ হাসিনারই একটি বার্তা পেয়েছেন, যেখানে তিনি সারা দেশে যার যেখানে সম্ভব, দলীয় কার্যালয়ে যাওয়ার কথা বলেছেন। "মূলত এরপর থেকেই সব জায়গায় এ চেষ্টা করা হচ্ছে। ব্যক্তিগত বা সাংগঠনিক, যে যেভাবে পারছে, সেভাবেই যাচ্ছে," বলছিলেন মি. সরদার। দলীয় সূত্রগুলো বলছে, শেখ হাসিনা বিভিন্ন অ্যাপ ব্যবহার করে নিয়মিত তৃণমূল নেতাদের সাথে যে-সব আলোচনা করেন, সেখানেই তিনি কার্যালয়ে যাওয়ার বিষয়ে এ পরামর্শ দিয়েছেন।

ঢাকা বিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক আ ক ম জামাল উদ্দিন গত ১৫ ফেব্রুয়ারি ধানমন্ডি ৩২ নম্বরে যাওয়ার কর্মসূচি দিয়ে সেখানে গিয়ে মারধরের শিকার হয়েছেন। কিন্তু এটি কর্মীদের কিছুটা সাহস জুগিয়েছে বলে মনে করেন রিহান সরদার। এ বিষয়ে জানতে চাইলে বাহাউদ্দিন নাছিম বলেছেন, তারা কর্মীদের দলীয়ভাবে উৎসাহিত করছেন, কারণ দলীয় কার্যালয়ে যেতে কোনো নিষেধাজ্ঞা নেই। "আওয়ামী লীগ দেশের বড়ো রাজনৈতিক দল, দলটির কর্মীরা কার্যালয়ে যাবে, এটা তাদের রাজনৈতিক অধিকার," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। এছাড়াও দলটির কয়েকটি জেলার নেতা-কর্মীদের সাথে আলাপ করে যে ধারণা পাওয়া গেছে তা হলো- নির্বাচনের আগে দেশের বিভিন্ন জায়গায় বিএনপি বা জামায়াতের প্রভাবশালী নেতারা নিজেরাই উদ্যোগী হয়ে ভোটের সমর্থনের আশায় আওয়ামী লীগের স্থানীয় জনপ্রিয় নেতাদের সাথে যোগাযোগ করেছেন। সে সময়ই অনেক জায়গায় আওয়ামী লীগের ওই নেতারা নির্বাচনের পর তাদের কার্যালয় খুলতে দেওয়া হবে কিংবা বাধা দেওয়া হবে না- এমন আশ্বাস পেয়েছেন। তবে কোনো কোনো জায়গায় আশ্বাস দেওয়া বিএনপি ও জামায়াতের নেতাদের নিজ দলীয় প্রতিপক্ষ গ্রুপ এখন আবার তাতে বাধা হয়ে দাঁড়াচ্ছে বলেও জানা যাচ্ছে। ফলে কার্যালয় খোলার পরেও কয়েকটি জায়গায় আবার হামলা বা ভাঙচুরের ঘটনা ঘটেছে। বাহাউদ্দিন নাছিম বলছেন, তারা আশা করছেন, এসব বিপত্তি কেটে যাবে এবং সরকার শিগ্গিরই আওয়ামী লীগের কার্যক্রমের নিষেধাজ্ঞা প্রত্যাহার করে নেবে।

**পঞ্চগড় থেকে শুরু**

নির্বাচনের পর দিনই আলোচনায় আসে পঞ্চগড়ের আওয়ামী লীগের একটি কার্যালয়ের তালা খোলার ভিডিও। বিশেষ করে বিএনপির স্থানীয় একজন নেতার উপস্থিতিতে তালা খোলার ঘটনা সামাজিক মাধ্যমে আলোচনার ঝড় তোলে। ভিডিওতে দেখা যায়, পঞ্চগড় সদর উপজেলা বিএনপির সভাপতি আবু দাউদ প্রধানের উপস্থিতিতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের চাকলাহাট ইউনিয়ন কার্যালয়ের তালা খুলে দেওয়া হয়েছে। যদিও পরে তিনি দাবি করেন, এই কার্যালয়টি যে আওয়ামী লীগের, তা তিনি জানতেন না। এরপর গত এক সপ্তাহে চাঁদপুর, ঠাকুরগাঁও, সাতক্ষীরা, বরগুনার বেতাগী ও পটুয়াখালীর দশমিনা উপজেলা কার্যালয় এবং খুলনায় কার্যালয় খুলে অবস্থান করে আওয়ামী লীগের নেতা-কর্মীরা স্লোগান দেন বলেও খবর প্রকাশিত হয়েছে। এছাড়া নারায়ণগঞ্জ, শরীয়তপুর, নোয়াখালী, জামালপুর রাজবাড়িসহ আরও কয়েকটি এলাকায় জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বন্ধ থাকা কিছু কার্যালয় খোলার পর পরিষ্কার-পরিচ্ছন্ন করে দলীয় বিভিন্ন স্লোগান দিয়েছেন নেতা-কর্মীরা- এমন খবরও এসেছে বিভিন্ন সংবাদ মাধ্যমে। আবার কোনো কোনো জায়গায় কার্যালয় খোলার পর প্রতিপক্ষ রাজনৈতিক দলের কর্মীরা এসে পাল্টা হামলা করেছে বা কার্যালয় বন্ধ করে দিয়েছে- এমন ঘটনাও ঘটেছে। স্থানীয় সংবাদ মাধ্যমের খবরে বলা হয়, গত বৃহস্পতিবার ময়মনসিংহের তারাকান্দায় আওয়ামী লীগের দলীয় কার্যালয় খোলার পর সেখানে গিয়ে বিক্ষোভ করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) স্থানীয় একদল নেতা-কর্মী। এ সময় কার্যালয়ের ভেতরে গাড়ির টায়ারে আগুন জ্বালানো হয়।

**কেন্দ্রীয় ও সভানেত্রীর কার্যালয়**

শেখ হাসিনা সরকারের পতনের পরই ঢাকায় কেন্দ্রীয় কার্যালয়সহ সারা দেশে আওয়ামী লীগ ও এর অঙ্গ ও সহযোগী সংগঠনগুলোর কার্যালয়ে হামলা ও ভাঙচুর হয়। অনেক জায়গায় অগ্নিসংযোগের ঘটনাও ঘটে। ধানমন্ডিতে বাংলাদেশের প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমানের 'ধানমন্ডি ৩২' হিসেবে ঐতিহাসিকভাবে পরিচিত হয়ে ওঠা বাসভবনও ভাঙা

হয়েছে এ সময়ের মধ্যে। বাহাউদ্দিন নাছিমের মতে, সারা দেশেই তাদের দলীয় কার্যালয়গুলোতে হামলার পর দখল করা হয়েছিল এবং তিনি মনে করেন যারা দখল করেছিল, অন্তর্বর্তী সরকারের বিদায়ের পর তারাও সরে যাওয়ায়, এখন কার্যালয়ে যাওয়ার পরিস্থিতি তৈরি হয়েছে। ঢাকায় বঙ্গবন্ধু অ্যাভিনিউতে দলটির কেন্দ্রীয় কার্যালয়ের দশতলা ভবনটিতে ব্যাপক হামলার পর আগুন দেওয়ার ঘটনা ঘটেছিল শেখ হাসিনা সরকারের পতনের পর। এরপর একদল ব্যক্তি 'আন্তর্জাতিক ফ্যাসিজম ও গণহত্যা গবেষণা ইনস্টিটিউট' লেখা একটি ব্যানার সেই ভবনে ঝুলিয়ে দিয়েছিল। এছাড়া তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগ কার্যালয় ও ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়েও ভাঙচুর, অগ্নিসংযোগ ও লুটপাটের পর থেকে এই তিন ভবন পরিত্যক্ত অবস্থায় আছে। এবার নির্বাচনের একদিন পর ১৪ ফেব্রুয়ারি দলটির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে জাতীয় পতাকা উড়িয়ে কিছুক্ষণ অবস্থান করে কয়েকজন নেতা-কর্মী। এরপর ২০ ফেব্রুয়ারি সংবাদ মাধ্যমে আসা একটি ভিডিওতে দেখা যাচ্ছে, দলটির কয়েকজন নারী কর্মী ধানমন্ডিতে দলটির সভানেত্রীর রাজনৈতিক কার্যালয় হিসেবে ব্যবহৃত হতো যে ভবনটি, তার সামনে গিয়ে জাতীয় পতাকা টানিয়ে স্লোগান দিচ্ছেন।

**বিশ্লেষকরা যা বলছেন**

রাজনৈতিক বিশ্লেষক জোবাইদা নাসরীন বলছেন, নির্বাচনের পর যে-সব জায়গায় আওয়ামী লীগের কার্যালয় খোলার তথ্য এসেছে, সেখানে অনেক জায়গাতেই স্থানীয় বিএনপি নেতাদের সহযোগিতার বিষয়টি সামনে এসেছে। "আমার মনে হয়, নির্বাচিত সরকার এসেছে এবং এখন তাদের কাছে রাজনৈতিক স্থিতিশীলতা গুরুত্ব পাবে। আওয়ামী লীগকে ছাড়া বিগত সরকার নির্বাচন করে গেছে। দলটির কর্মী-সমর্থকরা দেশে আছে এবং অনেকে কারাগারে। সব মিলিয়ে রাজনৈতিক স্থিতিশীলতার স্বার্থে দলটির কার্যালয় খোলা বা স্বাভাবিক রাজনৈতিক কর্মকাণ্ডের সুযোগ পেলে তা ইতিবাচকই হবে," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। আরেকজন বিশ্লেষক ঢাকা বিশ্ববিদ্যালয়েরই শিক্ষক মোহাম্মদ মজিবুর রহমান বলছেন, নির্বাচিত সরকার আসার পর আওয়ামী লীগের রাজনৈতিক কার্যক্রম আবার শুরুর একটি প্রক্রিয়ার হয়ত সূচনা হয়েছে কার্যালয় খোলার তৎপরতার মাধ্যমে। "গত সরকার আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করে নির্বাচনে অংশ নিতে দেয়নি। কিন্তু তার মানে এই না যে দলটি সবসময় নিষিদ্ধ থাকবে। আবার আওয়ামী লীগ অন্তর্বর্তী সরকারকে গ্রহণ করেনি, কিন্তু নির্বাচিত সরকারকে তারা প্রত্যাখ্যানও করেনি। তাছাড়া বিভিন্ন দলকে স্বাভাবিক রাজনৈতিক কর্মকাণ্ডের সুযোগ দেওয়ার উদাহরণ বিএনপির আগেও আছে," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ২২.০২.২০২৬ আলী আহমেদ)

## আজাদি, ইনকিলাব, বয়ান, বন্দোবস্তের মতো কিছু শব্দ হঠাৎ আলোচনায় কেন

বাংলাদেশের রাজনৈতিক অঙ্গন, সংবাদ মাধ্যমের আলোচনা কিংবা সামাজিক মাধ্যমে সাম্প্রতিক সময়ে আজাদি, ইনকিলাব, বয়ান, বন্দোবস্তের মতো কিছু শব্দ ব্যাপকভাবে আলোচনায় আসছে। কেউ কেউ তাদের বক্তৃতা কিংবা কথায় এসব শব্দ বেশ জোর দিয়ে প্রয়োগ করছেন, আবার কেউ কেউ দাবি করছেন প্রচলিত শব্দ ব্যবহার না করে এসব শব্দ এখন ইচ্ছে করে ব্যবহারের চেষ্টা হচ্ছে। এ বিতর্ক এমন পর্যায়ে পৌঁছেছে যে, এসব বিষয়ে সরকারের মন্ত্রী, শীর্ষ পর্যায়ের রাজনৈতিক নেতা ও রাজনৈতিক দলগুলোও মন্তব্য করতে শুরু করেছেন। একজন মন্ত্রী বলেছেন, এসব শব্দের সাথে বাংলা ভাষারই সম্পর্ক নেই। এখন প্রশ্ন উঠছে যে, নতুন করে যে-সব শব্দ আলোচনায় এসেছে, সেগুলো কী ভাষার বিকৃতি ঘটাচ্ছে? কিংবা এগুলো কী একেবারেই নতুন? কেনই বা এসব শব্দ সামনে আসছে? যারা এসব শব্দ নিয়ে আপত্তি করছেন, তাদের আপত্তিরই বা কারণ কী? তবে ভাষাবিদরা বলছেন, এসব শব্দ ভাষার বিকৃতিও ঘটাচ্ছে না আবার এগুলো বাংলা ভাষার জন্য কোনো ধরনের হুমকিও নয়। তাদের মতে, এগুলো রাজনৈতিক ক্ষেত্রে ব্যবহার করা হচ্ছে বলে এখন আলোচনায় আসছে, কারণ বাংলাদেশের মানুষ তাদের দৈনন্দিন কথা বলা, লেখা কিংবা চিন্তার ক্ষেত্রে এসব শব্দ সাধারণত খুব কমই ব্যবহার করেন। প্রসঙ্গত, বিভিন্ন সময়ে বিভিন্ন ভাষার শব্দ বাংলা ভাষায় যুক্ত হওয়ার কারণে এটিকে অনেকে একটি 'মিশ্র ভাষা' বলতে পছন্দ করেন। বিশেষ করে ইংরেজি, আরবি ও ফারসিসহ বিভিন্ন ভাষার অনেক শব্দই বাংলা ভাষায় একীভূত হয়েছে। অতীতে বাংলাদেশের রাজনীতিতে যেমন আওয়ামী লীগ, কমিউনিস্ট, ইউনিয়ন ইত্যাদি বিদেশি শব্দ একীভূত হয়ে গেছে, তেমনি ইত্তেফাক, ইনকিলাবের মতো শব্দ দিয়ে জাতীয় পত্রিকার নামকরণও হয়েছে।

**যে-সব শব্দ আলোচনায়**

২০২৪ সালের আগস্টে বাংলাদেশে শেখ হাসিনা সরকারের পতনের পর আন্দোলনকারীদের নেতাদের অনেকের মুখেই শোনা গেছে 'আজাদি, বন্দোবস্ত, বয়ান, ইনসাফ, ফয়সালা, মজলুম'-এর মতো শব্দ গুলো। সভা সমাবেশে কিংবা টেলিভিশনের টকশোতে আলোচনায় তারা এসব শব্দ অনেক বেশি ব্যবহার করছেন বলে অনেকের দৃষ্টিতে এসেছে। সামাজিক মাধ্যমে অনেক অনুসারী রয়েছে, এমন কাউকে কাউকে এ ধরনের শব্দ বেশি ব্যবহার করতে দেখার পর, তাদের অনুসারীরাও সেসব শব্দ ব্যবহার করতে শুরু করেছেন। তবে জুলুম, কওম বা মজলুমের মতো কিছু শব্দ বাংলাদেশে কিছু ধর্মভিত্তিক দলের নেতারা আগে থেকেই তাদের বক্তৃতা বিবৃতিতে ব্যবহার করে আসছেন। মাদ্রাসা ভিত্তিক সংগঠন হেফজাতে ইসলামের পক্ষে সংগঠনটির যুগ্ম মহাসচিব আজিজুল হক ইসলামাবাদী রবিবার এক বিবৃতিতে বলেছেন, "পরাজিত ও চিহ্নিত কালচারাল ফ্যাসিস্টরা জুলাই গণ-অভ্যুত্থানকালে জনমানসে দ্রোহের স্ফুলিঙ্গ

ছড়ানো কিছু ঐতিহাসিক আরবি-ফারসি শব্দের বিরুদ্ধে বিষোদ্গারে নেমেছে।" তিনি 'ইনকিলাব', 'ইনসাফ' ও 'আজাদি'- এই শব্দগুলোকে জুলাই গণ-অভ্যুত্থানের ভাষা-সম্পদ আখ্যায়িত করে জনপরিসরে ব্যাপকভাবে চর্চার আহ্বান জানিয়েছেন। যদিও অনেকে মনে করেন, ইনকিলাব শব্দটি বেশি সামনে এসেছে শেখ হাসিনা সরকারের বিদায়ের পর আলোচনায় আসা ইনকিলাব মঞ্চ নামক প্লাটফর্মের কারণে। এর প্রতিষ্ঠাতা ওসমান হাদি নির্বাচনের প্রচারের সময় ঢাকায় গুলিবিদ্ধ হয়ে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। আবার ২০২৫ সালের ফেব্রুয়ারিতে ঢাকায় জাতীয় নাগরিক পার্টির বা এনসিপির আত্মপ্রকাশ অনুষ্ঠানে দলের প্রায় সব নেতাই তাদের বক্তব্যের শেষে 'ইনকিলাব জিন্দাবাদ' শব্দগুলো ব্যবহার করেছেন। আবার ইনকিলাব জিন্দাবাদ স্লোগানটি ভারতীয় কমিউনিস্ট পার্টিও দিয়ে থাকে, যার অর্থ বিপ্লব দীর্ঘজীবী হোক।

অন্যদিকে, নয়া বন্দোবস্ত বারবার শোনা গেছে শেখ হাসিনা বিরোধী অভ্যুত্থানের নেতৃত্ব দেওয়া অনেকের মুখেই। মূলত নয়া বন্দোবস্ত বলতে তারা দেশের জন্য নতুন ব্যবস্থার কথা বলেছেন তাদের বক্তৃতায়। কিন্তু এখন নতুন করে এসব শব্দ নিয়ে বিতর্কের মধ্যে সামাজিক মাধ্যমে অনেকে বলছেন, এদেশে স্বাধীনতা শব্দটিই বহুল ব্যবহৃত, যাকে এখন অনেকে আজাদি হিসেবে বলছেন। আবার ইনকিলাবের চেয়ে বিপ্লব শব্দটাই বাংলাদেশে বেশি ব্যবহৃত হয়ে আসছে। তেমনি তাদের মতে, ইনসাফের চেয়ে সুবিচার, জালিমের চেয়ে নিপীড়ক, মজলুমের চেয়ে নিপীড়িত এবং মুলুকের চেয়ে দেশ শব্দগুলোই মানুষের কাছে বেশি পরিচিত। তাদের কথা হলো, কথায় কথায় ইনসাফ, ইনকিলাব, জুলুম, নয়া বন্দোবস্ত না বলে এগুলোর বাংলা হিসেবে যে-সব শব্দ ব্যবহৃত হয়ে আসছে সেগুলোই ব্যবহার করা যেতে পারে। কারণ, এই দেশের বেশির ভাগ মানুষ কথা বলার সময় এসব শব্দ ব্যবহার করেন না।

**শব্দ বিতর্কে রাজনৈতিক নেতারা**

বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ও বিদ্যুৎমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু সিরাজগঞ্জে শনিবার ভাষা শহিদ দিবসের আলোচনা সভায় বলেছেন, "বাংলাকে যদি ধারণ করতে হয়, বাংলা ভাষাকে যদি মায়ের ভাষা বলতে হয়, তাহলে "ইনকিলাব জিন্দাবাদ" চলবে না। ইনকিলাব, ইনকিলাব মঞ্চ ও আজাদির মতো এখন নতুন নতুন শব্দ শুনছি।" তিনি বলেন, "ইনকিলাব জিন্দাবাদ, ইনকিলাব মঞ্চ- এগুলোর বাংলার সঙ্গে কোনো সম্পর্ক নেই। যারা আমাদের মায়ের ভাষা কেড়ে নিতে চেয়েছিল, এগুলো তাদের ভাষা।" আবার রবিবার সকাল ৬টা ৮ মিনিটে জামায়াতের আমির শফিকুর রহমানের ভেরিফায়েড ফেসবুক পাতায় দেওয়া পোস্টে বলা হয়েছে, "ইনশাল্লাহ, আগামীর বাংলাদেশ ইনসাফের বাংলাদেশ। ইনকিলাব জিন্দাবাদ।" সাবেক তথ্য উপদেষ্টা মাহফুজ আলম তার ভেরিফায়েড পাতায় 'আজাদি সিনেমা' লেখা ব্যানারের সামনে নিজের ছবি পোস্ট করে লিখেছেন, "লীগের ফ্যাসিবাদী শাসনামলেও 'আজাদির' সিনেমা নামে সিনেমা প্রদর্শনীর আয়োজন করেছিলাম, যেখানে ফ্যাসিবাদবিরোধী ছাত্রসংগঠনের নেতৃবৃন্দ এবং অ্যাক্টিভিস্টরা বক্তব্যও দিয়েছিলেন। ভাষা নিশ্চল না। বদ্ধ কুঠুরিও না। যখন যে শব্দ দিয়ে রাজনৈতিক-সাংস্কৃতিক আকাঙ্ক্ষা প্রকাশ করা সহজ স্বাভাবিক হবে, সেটাই চলবে। ভাষার দুয়ার খুলে দাও।" এনসিপির মুখ্য সংগঠক হাসনাত আব্দুল্লাহ লাল ব্যানারে ইনকিলাব জিন্দাবাদ লিখে পোস্ট করেছেন শনিবার সন্ধ্যায়।

**ভাষাবিদরা যা বলছেন**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক তারিক মনজুর বলছেন, "ইনকিলাব, ইনসাফ, আজাদি, মজলুম, বয়ান, বন্দোবস্তের মতো শব্দগুলো কোনোভাবেই বিকৃতি নয়, এগুলো হুমকিও নয়। এগুলোর ব্যবহার ও গ্রহণযোগ্যতা যদি নির্দিষ্ট রাজনৈতিক দল বা গোষ্ঠীকেন্দ্রিক হয়ে পড়ে, তাহলে সেটাও তো ভালো হবে না। ভাষা ও শব্দ যাতে রাজনৈতিক বা ধর্মীয় বিভাজন তৈরি না করে।" তার মতে, বাংলা ভাষায় ব্যবহৃত সব শব্দই আসলে বাংলা। ধ্বনি পদ্ধতি, গঠনরীতি, এমনকি ক্ষেত্রবিশেষে অর্থ পরিবর্তন করে এক ভাষায় অন্য ভাষার শব্দ প্রবেশ করতে থাকে। এটা খুবই অনায়াস একটা ব্যাপার। কিছু কিছু ভাষা চেষ্টা করে বিদেশি শব্দকে তার ভাষায় পরিভাষা করে কিংবা অনুবাদ করে প্রবেশ করাতে। "কিন্তু আজকের বিশাল ও বিস্তৃত ডিজিটাল ও অনলাইন মাধ্যমে কোনোকিছু সচেতনভাবে আটকে রাখাও কঠিন। ইংরেজির আধিপত্যে যে কারণে পুরো পৃথিবীর বড়ো বড়ো ভাষাও শঙ্কিত। বাংলা ভাষাকে অধিকতর প্রযুক্তি-উপযোগী করে তুলতে না পারলে, আমাদের ভাষাও ভবিষ্যতে সংকোচনের মধ্যে পড়বে; ভাষার জন্য হুমকি সেটাই," বলেছেন তিনি।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক অনিরুদ্ধ কাহালি বলছেন, ভাষা নদীর মতো প্রবহমান। বাঙালি সংস্কৃতির মতোই বাংলা ভাষাও অনেক ভাষার শব্দ নিজের সঙ্গে সমন্বয় করে আজ সমৃদ্ধ ও নিজস্ব রূপ লাভ করেছে। "সময়ের প্রেক্ষাপটে হয়ত কিছু শব্দ উদ্দেশ্যপ্রণোদিতভাবে বলা হচ্ছে বলে অনেকে মনে করছেন। সময়ই ঠিক করে দেবে ভাষা কোনটিকে গ্রহণ করবে আর কোনটিকে করবে না। এটি চাপিয়ে দেওয়ার বিষয়ও নয় আবার এ নিয়ে শঙ্কিত হওয়ারও কিছু নেই," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। মি. কাহালি বলেন, "বাংলা ভাষার ইতিহাস লক্ষ করলে দেখা যায়, ভাষা নিয়ে অনেকবারই রাজনীতি হয়েছে। কিন্তু ভাষা থাকে মানুষের প্রাণে মনে মুখে আবেগে। ফলে চাইলেই তার খোলনলচে পাল্টানো যায় না। আর বাংলা ভাষার সঙ্গে আমাদের সম্পর্কটা অস্তিত্বের।" বর্তমানে ব্যবহৃত যে-সব শব্দগুলো নিয়ে কথা হচ্ছে, সেগুলো নিয়ে শঙ্কিত হওয়ার কিছু আছে বলে মনে করি না। ভাষারও প্রাণ আছে, সে তার

মতো করে গ্রহণ-বর্জন করে। যে শব্দ ভাষার স্বতঃস্ফূর্ততাকে অক্ষুণ্ণ রাখবে, প্রবাহকে আরও গতিশীল করবে, সুন্দর, সুমিষ্ট ও সমৃদ্ধ করবে সেগুলো থেকে যাবে," বলছিলেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ২২.০২.২০২৬ আলী আহমেদ)

## আপত্তি, বর্জন, খোলা চিঠি, তারিখ পরিবর্তন- এ বছর একুশে বইমেলা ঘিরে কী চলছে?

অন্য বছর যেখানে ফেব্রুয়ারির শুরুতে বইমেলার পর্দা উঠতে দেখা যায়, এবার সেখানে মাসের শেষ সপ্তাহে এসেও মেলা শুরু করতে পারেনি বাংলা একাডেমি। মূলত নির্বাচনের কারণে এবার ভাষার মাসের শুরুতে আয়োজন করতে না পেরে মেলা উদ্‌বোধনের জন্য ২০ ফেব্রুয়ারি দিন ধার্য করেছিল কর্তৃপক্ষ। কিন্তু রোজার মধ্যে বইমেলায় আপত্তি তুলে অর্ধেকেরও বেশি প্রকাশক বর্জন করায় শেষ পর্যন্ত ওইদিন মেলা শুরু করা যায়নি। বিএনপির নতুন সরকার ক্ষমতা গ্রহণের পর সমস্যা সমাধানে দফায় দফায় বৈঠক করেছে বর্জনকারী প্রকাশকদের সঙ্গে। বিনামূল্যে স্টল বরাদ্দ প্রদানসহ বেশকিছু শর্তে ওইসব প্রকাশকরা রাজি হওয়ায়, ২৬ ফেব্রুয়ারি মেলার নতুন দিন ধার্য করেছে সরকার। প্রধানমন্ত্রী হওয়ার পর ওইদিন প্রথমবার বড়ো সরকারি অনুষ্ঠানে অংশ নিতে যাচ্ছেন তারেক রহমান। ফলে মেলার আয়োজনে কোনো ত্রুটি রাখতে চায় না প্রশাসন। এরই মধ্যে বাংলা অ্যাকাডেমির বিরুদ্ধে বেশকিছু অভিযোগ তুলে শনিবার প্রকাশকদের একটি সংগঠন জানিয়েছে যে, তারা মেলায় অংশ নিচ্ছেন না। এতে 'বিব্রতকর' পরিস্থিতিতে পড়েছেন কর্মকর্তারা। রোববার শেষ মুহূর্তে বিবদমান সব পক্ষকে এক জায়গায় বসিয়ে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের চেষ্টা চালানো হয়েছে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন নতুন সরকারের সংস্কৃতি প্রতিমন্ত্রী আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম। রাত পৌনে ১০টা নাগাদ জানা যায়, সমস্যার সমাধান হওয়ায় প্রকাশকরা বই মেলায় অংশ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। তবে বইমেলা ঘিরে এসব জটিলতা সার্বিকভাবে পাঠকদের ওপর নেতিবাচক প্রভাব পড়তে পারে বলে আশঙ্কা করছেন লেখকরা। "আমাদের দেশে বই কিনে পড়ার মতো মানুষের সংখ্যা এমনিতেই কম। তার মধ্যে এসব ঘটনা পাঠকদের ওপর বিরূপ প্রভাব ফেলবে, যা সার্বিকভাবে বইমেলাকে ক্ষতিগ্রস্ত করবে," বিবিসি বাংলাকে বলেন লেখক ও গবেষক মহিউদ্দিন আহমদ।

### পরিস্থিতি এতদূর এলো কীভাবে?

দীর্ঘদিনের রীতি অনুযায়ী, প্রতিবছর ১ ফেব্রুয়ারি 'অমর একুশে বইমেলার' আয়োজন করে থাকে বাংলা অ্যাকাডেমি। কিন্তু ১২ ফেব্রুয়ারির সংসদ নির্বাচনকে ঘিরে নিরাপত্তা শঙ্কা দেখা দেওয়ায় মেলাটি দুই মাস এগিয়ে এনে গত ডিসেম্বরে শুরু করার সিদ্ধান্ত নিয়েছিল বাংলা অ্যাকাডেমি। কিন্তু প্রকাশকদের একাংশ তখন সেটির বিরোধিতা করে। সেইসঙ্গে, ত্রিশটির বেশি সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে 'অতীতের রীতি মেনে ভাষার মাসে' বইমেলা আয়োজনের দাবি জানানো হয়। এ অবস্থায় ডিসেম্বরে মেলা আয়োজনের সিদ্ধান্ত থেকে সরে আসে কর্তৃপক্ষ। এরপর নির্বাচন ও সরকার গঠন শেষে মেলা শুরুর নতুন তারিখ নির্ধারণ করা হয় ২০ ফেব্রুয়ারি। ওই সময় রোজা শুরু হয়ে যাওয়ায় 'পাঠকশূন্যতা ও অর্থনৈতিক ঝুঁকির শঙ্কা' থেকে বইমেলা পিছিয়ে ঈদুল ফিতরের পরে নিয়ে যাওয়ার আহ্বান জানায় প্রকাশকদের বড়ো একটি অংশ। কিন্তু তাতে সাড়া না দিয়ে নিজেদের সিদ্ধান্তে অনড় থাকার কথা জানায় বাংলা অ্যাকাডেমি। "বইমেলা আয়োজনের কাজ যখন প্রায় ৬০ ভাগ সম্পন্ন, তখন কিছু সম্মানিত প্রকাশক ঈদের পর বইমেলা আয়োজন করার জন্য সরকারকে অনুরোধ জানিয়েছেন, তখন এপ্রিল মাস এসে যাবে। এপ্রিল মাসে প্রচণ্ড তাপপ্রবাহ থাকে। ধুলোবালির উপদ্রব বাড়ে। কালবৈশাখীসহ বৃষ্টিপাতের আশঙ্কা থাকে প্রবল। এই সময় মাসব্যাপী বইমেলার আয়োজন করা বাস্তবসম্মত নয়," গত ৫ ফেব্রুয়ারি সাংবাদিকদের বলেন বইমেলা পরিচালনা কমিটির সদস্য-সচিব সেলিম রেজা। মি. রেজার এই বক্তব্যের তিনদিনের মাথায় একটি যৌথ বিবৃতি দিয়ে মেলায় অংশগ্রহণ না করার ঘোষণা দেয় অন্য প্রকাশ, বাতিঘর, ইউপিএল এবং পাঞ্জেরি পাবলিকেশন্সসহ ৩২১টি প্রকাশনা সংস্থা।

### বাংলা অ্যাকাডেমি, যা এবার হয়নি

"বাংলা অ্যাকাডেমি আগামী ২০ ফেব্রুয়ারি থেকে 'অমর একুশে বইমেলা ২০২৬' শুরুর যে ঘোষণা দিয়েছে, তা বাস্তবতা বিবর্জিত, আত্মঘাতী এবং প্রকাশনা শিল্পকে প্রবল অনিশ্চয়তার দিকে ঠেলে দেওয়ার শামিল," ৮ ফেব্রুয়ারির যৌথ বিবৃতিতে বলেন সৃজনশীল ঘরানার ওইসব প্রকাশনা সংস্থার কর্ণধারেরা। মেলা চলাকালে স্টলগুলোতে বিক্রেতাসহ অতিরিক্ত যে কর্মীর প্রয়োজন হয়, তাদের বড়ো অংশই থাকে বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী। তাদের বিষয়ে বিবৃতিতে বলা হয়েছে, "সারাদিন রোজা রেখে, ইফতার ও তারাবি নামাজের পর এই শিক্ষার্থীদের দিয়ে কাজ করানো অমানবিক। আমরা আমাদের কর্মীদের এই কষ্টের মধ্যে ফেলতে চাই না।" এছাড়া, রোজার দিনে যানজট ঠেলে পাঠকরা মেলায় আসার ক্ষেত্রে 'আগ্রহ দেখাবেন না' দাবি করেছেন প্রকাশকরা। ঈদুল ফিতরের পর বইমেলা আয়োজিত হলে সেটি সফল করতে কর্তৃপক্ষকে সর্বাত্মক সহযোগিতা করবেন বলে জানিয়েছেন তারা। "ঈদের পরে মেলা হলে যদি প্রাকৃতিক দুর্যোগে ক্ষতি হয়, সেই ঝুঁকি আমরা নিতে প্রস্তুত। কিন্তু জেনেশুনে রোজার মধ্যে মেলা করে নিশ্চিত ব্যবসায়িক মৃত্যুর ঝুঁকি আমরা নেব না," বিবৃতিতে বলেন প্রকাশকরা। বাংলা অ্যাকাডেমির তথ্যে দেখা যাচ্ছে, ২০২৫ সালের বইমেলায় মোট ৫২৭টি প্রকাশনা সংস্থা অংশগ্রহণ করেছিল। সেগুলোরা মধ্য থেকে অর্ধেকেরও বেশি প্রকাশনা সংস্থা এ বছর অংশ নিতে না চাওয়ায় বইমেলা কতটুকু সফল হবে, সেটি নিয়ে প্রশ্ন দেখা দেয়।

**নতুন সরকারের কাছে 'খোলা চিঠি'**

অধ্যাপক মুহাম্মদ ইউনূসের অন্তর্বর্তী সরকারের কাছে আহ্বান জানিয়েও সাড়া না পাওয়ায়, নতুন সরকারের অপেক্ষায় ছিলেন মেলা বর্জন করা তিন শতাধিক প্রকাশনা সংস্থা। ১২ ফেব্রুয়ারির নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা পেয়ে বিএনপি সরকার গঠন করলে একুশে বইমেলা পেছানোর জন্য প্রধানমন্ত্রী তারেক রহমানের হস্তক্ষেপ চেয়ে খোলা চিঠি দেন প্রকাশকদের সংগঠন 'প্রকাশক ঐক্য'। "একটি নতুন সরকারের যাত্রার শুরুতে আমরা চাই না একুশের চেতনার এই মেলাটি কোনোভাবে ব্যর্থ বা বিতর্কিত হোক। আমরা বিশ্বাস করি, আপনার সুচিন্তিত একটি নির্দেশই পারে ধ্বংসের হাত থেকে এই শিল্পকে বাঁচাতে," চিঠিতে বলেন প্রকাশকরা। গত দেড় বছর ধরে রাজনৈতিক ও অর্থনৈতিক অস্থিরতার মুখে দেশের প্রকাশনা শিল্প 'এক ভয়াবহ বিপর্যয়ের মধ্য দিয়ে যাচ্ছে' বলে চিঠিতে উল্লেখ করা হয়। এ অবস্থায় তারিখ পিছিয়ে এবারের বইমেলাকে 'সফল ও অন্তর্ভুক্তিমূলক' করার আহ্বান জানান তারা। "আপনার এই একটি সিদ্ধান্ত কেবল হাজারো প্রকাশককে দেউলিয়া হওয়া থেকে বাঁচাবে না, বরং প্রমাণ করবে যে, নতুন সরকার জ্ঞান, সৃজনশীলতা ও জনমতের প্রতি কতটা শ্রদ্ধাশীল," নতুন প্রধানমন্ত্রীকে উদ্দেশ্য করে লেখা খোলা চিঠিতে উল্লেখ করে 'প্রকাশক ঐক্য'।

**প্রকাশকদের সঙ্গে মন্ত্রীর বৈঠক**

একুশে বইমেলা ঘিরে আয়োজক বাংলা অ্যাকাডেমির সঙ্গে প্রকাশকদের যে 'বিরোধ ও দূরত্ব' তৈরি হয়েছে, খোলা চিঠির প্রেক্ষিতে সেটি অবসানে পদক্ষেপ নেয় বিএনপির নতুন সরকার। শপথ গ্রহণের পরদিন উভয়পক্ষের সঙ্গে বৈঠকে বসেন সংস্কৃতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী। "সেখানে সরকারের পক্ষ থেকে আমাদের জানানো হয় যে, অতীতের রীতি মেনে ফেব্রুয়ারিতে তারা মেলা শুরু করতে চান। মেলাকে সফল করতে সেখানে আমাদের অংশগ্রহণ করার জন্য মন্ত্রী মহোদয় আমাদের অনুরোধ করেন এবং আমরা তাতে রাজি হই," বিবিসি বাংলাকে বলছিলেন বাতিঘর প্রকাশনীর কর্ণধার দীপঙ্কর দাশ। এক্ষেত্রে প্রকাশনা সংস্থাগুলোর স্টল ভাড়া মওকুফের ঘোষণা দেয় সরকার। সেইসঙ্গে, প্রকাশকদের প্রস্তুতির কথা মাথায় রেখে মেলা শুরুর তারিখ পাঁচদিন পিছিয়ে ২৬ ফেব্রুয়ারি নির্ধারণ করা হয়। কিন্তু রাজি হওয়ার দুইদিনের মাথায় বইমেলা থেকে আবারও সরে দাঁড়ানোর ঘোষণা দেয় 'প্রকাশক ঐক্য'। "যে-সব শর্তে আমরা মেলায় অংশ নেওয়ার বিষয়ে রাজি হয়েছিলাম, সেগুলোর মধ্যে একটি ছিল, এবার বইমেলায় সবার সমান অধিকার থাকবে এবং কেউ কোনো প্যাভিলিয়ন পাবেন না। এর পরিবর্তে সর্বোচ্চ পাঁচ ইউনিটের স্টল সমানভাবে বরাদ্দ দেওয়া হবে। কিন্তু সেটি না করে বাংলা অ্যাকাডেমি অস্বচ্ছ প্রক্রিয়ায় অনেক প্রকাশককে প্যাভিলিয়ন বরাদ্দ দিয়েছে," বলেন মি. দাশ। আগে অংশ নেওয়া প্রকাশকদের মধ্যে যারা প্যাভিলিয়ন বরাদ্দ পেয়েছে, তারা ইতোমধ্যে নির্মাণকাজ এগিয়ে নিয়েছেন বলেও জানায় প্রকাশক ঐক্য। সেগুলোর বরাদ্দ বাতিল করা না হলে মেলায় অংশ নিবেন না বলে জানিয়েছেন তারা। এ নিয়ে রোববার সব পক্ষের সাথে বাংলা অ্যাকাডেমির বৈঠক হয়।

**কী বলছে কর্তৃপক্ষ?**

সবশেষ ঘোষণা অনুযায়ী, আগামী ২৬ ফেব্রুয়ারি 'অমর একুশে বইমেলা ২০২৬' শুরু হওয়ার কথা রয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমান ওইদিন সশরীরে উপস্থিত থেকে এ বছরের বইমেলার উদ্‌বোধন ঘোষণা করবেন বলে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে। এ বছর যারা একুশে পদক পেয়েছেন, তাদের হাতে পুরস্কারও তুলে দিবেন তিনি। আর এরই মধ্যদিয়ে প্রধানমন্ত্রী হিসেবে মি. রহমানের প্রথমবার বড়ো কোনো পাবলিক ইভেন্ট বা সরকারি অনুষ্ঠানে অংশ নিতে যাচ্ছেন। ফলে সেটির আয়োজনে ত্রুটি রাখতে চায় না বিএনপি সরকার। কিন্তু প্রকাশকদের বড়ো একটি অংশ বইমেলা থেকে সরে যাওয়ার ঘোষণা দেওয়ায় ' অস্বস্তিকর' পরিস্থিতিতে পড়েন তারা। "সবাই মেলায় অংশ নিবেন। কিছু সমস্যা আছে, সেগুলো সমাধানের জন্য আমরা উভয়পক্ষের সঙ্গে আলোচনা চালাচ্ছি," বিবিসি বাংলাকে বলছিলেন রোববার দুপুরে বলেছিলেন সংস্কৃতি প্রতিমন্ত্রী আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম।

প্যাভিলিয়ন ও স্টল বরাদ্দ নিয়ে 'অস্বচ্ছতার' যে অভিযোগ প্রকাশক ঐক্য তুলেছে, সেটি অস্বীকার করেছে বাংলা অ্যাকাডেমি। প্রতিষ্ঠানটি জানিয়েছে, মেলা বর্জনকারী প্রকাশকদের সঙ্গে আলোচনায় বসার আগেই নিয়ম মেনে আবেদনের প্রেক্ষিতে বইমেলায় প্যাভিলিয়ন বরাদ্দ দেওয়া হয়েছে। "আবেদনের মাধ্যমে যারা আগে প্যাভিলিয়ন পেয়েছেন, তাদের কেউ কেউ এখন প্যাভিলিয়ন ছাড়তে না চাওয়ায় এই সমস্যার সৃষ্টি হয়েছে। এ বিষয়ে আমরা তাদের সঙ্গে কথা বলছি। আশাকরি দ্রুতই সব ঠিকঠাক হয়ে যাবে এবং সবার অংশগ্রহণে সফলভাবে বইমেলা সম্পন্ন হবে," বলেন সংস্কৃতি প্রতিমন্ত্রী মি. খৈয়ম। রাত পৌনে ১০টা নাগাদ বাংলা অ্যাকাডেমির মহাপরিচালক ড. মোহাম্মদ আজম বিবিসি বাংলাকে জানান, যে প্রকাশনীগুলো প্যাভিলিয়ন বরাদ্দ পেয়েছিল, তারা প্যাভিলিয়ন ছেড়ে দিতে রাজি হয়েছে। ফলে এখন সবাই স্টল বরাদ্দ পাবে। প্রকাশকদের সর্বশেষ যে শর্ত ছিল, সেটার সমাধান হওয়ায় এখন সবাই বই মেলায় অংশগ্রহণ করবে বলে তিনি আশা প্রকাশ করেন। এর কিছু পরে বাতিঘর প্রকাশনীর কর্ণধার দীপঙ্কর দাশ বিবিসি বাংলাকে জানিয়েছেন, তাদের একটি প্রতিনিধি দল মহাপরিচালকের সাথে দেখা করতে গিয়েছে। প্যাভিলিয়ন বরাদ্দ সংক্রান্ত জটিলতার সমাধান হওয়ায় তারা বই মেলায় অংশ নেওয়ার কথা ভাবছেন। আয়োজকদের তথ্যমতে, গত বছর একুশে বইমেলায় প্রায় ৪০ কোটি টাকার বই বিক্রি হয়েছিল। প্রকাশনা সংস্থাগুলোর সবাই অংশ নিলেও এবারের বইমেলায় কতটা বই বিক্রি হবে, সেটি নিয়ে সন্দেহ পোষণ করছেন প্রকাশকরা। "শেষ পর্যন্ত আমরা যদি মেলায় অংশগ্রহণ করিও, সেটা নিতে হবে খুবই অগোছালো অবস্থায়। আবার রোজার মধ্যে সবাই ঈদের কেনাকাটায়

ব্যস্ত থাকায় মেলায় পাঠক সমাগমও কম হবে। সব মিলিয়ে এবারের বইমেলায় আগের বছরের তুলনায় অর্ধেকও ব্যবসা হবে কি-না সন্দেহ আছে," বিবিসি বাংলাকে বলেন বাতিঘর প্রকাশনীর কর্ণধার দীপঙ্কর দাশ।
(বিবিসি ওয়েব পেজ : ২২.০২.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### 'বিশ্বব্যাপী' নতুন ১০% শুল্ক ১৫%-এ উন্নীত করবেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন যে, তিনি অনেক দেশের উপর তার সদ্য ঘোষিত ১০ শতাংশ শুল্ক ১৫ শতাংশে বৃদ্ধি করবেন। শনিবার সামাজিক যোগাযোগ মাধ্যমের এক পোস্টে ট্রাম্প লিখেন যে, তিনি "অবিলম্বে কার্যকরভাবে, বিভিন্ন দেশের উপর ১০% বিশ্বব্যাপী শুল্ক সম্পূর্ণরূপে অনুমোদিত এবং আইনগতভাবে পরীক্ষিত, ১৫ শতাংশের স্তরে উন্নীত করবেন।" শুক্রবার ট্রাম্প বাণিজ্য আইনের ১২২ ধারার অধীনে ১০ শতাংশ শুল্ক আরোপের একটি আদেশে স্বাক্ষর করেন। সুপ্রিম কোর্ট দিনের শুরুতে তার ব্যাপক বিশ্বব্যাপী শুল্ক বাতিল করার পর এই পদক্ষেপ নেওয়া হয়। ৬-৩ ভোটে, আদালত রায় দেয় যে, ট্রাম্প একটি কেন্দ্রীয় জরুরি আইন প্রণয়নের মাধ্যমে তার কর্তৃত্ব অতিক্রম করেছেন, যাতে শুল্ক আরোপ করা হয়। আইনটিকে আন্তর্জাতিক জরুরি অর্থনৈতিক ক্ষমতা আইন বলা হয়। এটি "যে-কোনো অস্বাভাবিক এবং অতিরিক্ত হুমকি" মোকাবিলা করার জন্য জাতীয় জরুরি অবস্থা ঘোষণা করার পরে প্রেসিডেন্টকে আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ করতে দেয়। এই রায়ে ট্রাম্পের বেশিরভাগ শুল্কের কথা বলা হয়। এতে জাপানসহ অনেক দেশ এবং অঞ্চলের বিস্তৃত পণ্যের উপর আরোপিত শুল্ক অন্তর্ভুক্ত রয়েছে। এটি ফেন্টানাইল সম্পর্কিত চীন, কানাডা এবং মেক্সিকোর উপর আরোপিত অতিরিক্ত শুল্কগুলোকেও অন্তর্ভুক্ত করে। আদালত মোটরগাড়ি ও এর যন্ত্রাংশের পাশাপাশি ইস্পাত ও অ্যালুমিনিয়ামের উপর শুল্ক আরোপের বিষয়ে কোনও রায় দেয়নি। কারণ এগুলো পৃথক আইনের অধীনে আরোপিত হয়েছিল। নিম্ন আদালত শুল্কের বিরুদ্ধে রায় দেওয়ার পর মামলাটি সুপ্রিম কোর্টে পৌঁছায়।(এনএইচকে ওয়েবপেইজ: ২২.০২.২৬ রনি)

## ডয়চে ভেলে

### এলডিসি থেকে উত্তরণের সময় পেছাতে সফল হবে বাংলাদেশ?

দায়িত্ব নেওয়ার পরদিন বাংলাদেশকে স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণের সময়সীমা তিন বছর পেছানোর আবেদন করেছে বিএনপি সরকার। সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব শাহরিয়ার কাদের ছিদ্দিকী গত বুধবার (১৮ ফেব্রুয়ারি) জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদের (ইকোসক) অধীন কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসির (সিডিপি) চেয়ারম্যান হোসে আন্তোনিও ওকাম্পোর কাছে একটি চিঠি পাঠান। সেই চিঠিতে দেশি-বিদেশি বিভিন্ন চ্যালেঞ্জের কথা উল্লেখ করে এলডিসি উত্তরণ-প্রস্তুতির সময়কাল চলতি বছরের ২৪ নভেম্বর থেকে বাড়িয়ে ২০২৯ সালের ২৪ নভেম্বর পর্যন্ত করার অনুরোধ জানানো হয়।

**চিঠিতে যে যুক্তি দিয়েছে সরকার**

নতুন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদীর বলেন, "বাংলাদেশের রপ্তানি কাঠামো এখনো অত্যন্ত কেন্দ্রীভূত। বর্তমানে দেশে মোট রপ্তানি আয়ের প্রায় ৮৫ শতাংশই আসে একটি পণ্য থেকে। এই পরিস্থিতি মোকাবিলায় রপ্তানি পণ্যে বৈচিত্র্য আনা হবে। নতুন বাজার সম্প্রসারণ এবং বিনিয়োগে আগ্রহী বেসরকারি উদ্যোক্তাদের যথাযথ সহায়তা দেওয়াই সরকারের অগ্রাধিকার হবে। যুক্তরাষ্ট্রের শুল্ক নীতিতে হঠাৎ পরিবর্তনের কারণে বৈশ্বিক বাজারে অস্থিরতা তৈরি হয়েছে। দরিদ্র দেশ হিসেবে বাংলাদেশের ভুল করার সুযোগ খুবই সীমিত। নীতিগত ভুল বা দীর্ঘস্থায়ী বৈদেশিক ধাক্কা সামাল দেওয়ার সক্ষমতা বাংলাদেশের নেই। তাই গত কয়েক মাসে যে মন্থর পরিস্থিতি দেখা গেছে, সেখান থেকে দ্রুত বেরিয়ে আসতে সরকার কাজ শুরু করেছে।" অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) সচিব মো. শাহরিয়ার কাদের ছিদ্দিকী বলেছেন, "এলডিসি গ্র্যাজুয়েশনের সময় বাড়াতে জাতিসংঘের সিডিপিতে আমাদের মিশনের মাধ্যমেই একটি চিঠি পাঠানো হয়েছে। আমরা বুধবার চিঠিটি দিয়েছি। এটা একটি নির্দিষ্ট প্রক্রিয়ার মধ্যদিয়ে যাচ্ছে। কেমন উত্তর আসবে এখনই নিশ্চিত করে কিছু বলা কঠিন। প্রক্রিয়াটা কীভাবে এগোয়, সেটার জন্য আমাদের অপেক্ষা করতে হবে।"

নতুন সরকার এলডিসি উত্তরণ পিছিয়ে দেওয়ার চিঠিতে যুক্তি দিয়েছে, সময়সীমা বাড়ানো হলে সামষ্টিক অর্থনীতিকে স্থিতিশীল করা, চলমান সংস্কারগুলো সংহত করা এবং স্মুথ ট্রানজিশন স্ট্র্যাটেজির (এসটিএস) অধীন অগ্রাধিকারমূলক কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় নীতিগত সুযোগ পাওয়া যাবে। এলডিসি উত্তরণে পাঁচ বছরের প্রস্তুতি সময়কাল একের পর এক দেশি ও আন্তর্জাতিক সংকটে 'গুরুতরভাবে ব্যাহত' হয়েছে। বৈশ্বিক সংকটের মধ্যে রয়েছে, কোভিড-১৯ মহামারির দীর্ঘস্থায়ী প্রভাব, বৈশ্বিক অর্থনৈতিক পুনরুদ্ধারের ধীরগতি, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ ও তার প্রভাবে জ্বালানি ও খাদ্যবাজারে অস্থিরতা, বৈশ্বিক আর্থিক ব্যবস্থার কড়াকড়ি, বাণিজ্য পুনরুদ্ধারে বিলম্ব, মধ্যপ্রাচ্যে অস্থিরতা এবং বৈশ্বিক বাণিজ্য ব্যবস্থায় বাড়তে থাকা অনিশ্চয়তা। আর দেশি সংকটের মধ্যে আর্থিক খাতে অনিয়ম, ২০২৪ সালের গণ-অভ্যুত্থানে রাজনৈতিক পটপরিবর্তন এবং রোহিঙ্গাদের মিয়ানমারে প্রত্যাবাসন এখনো নিষ্পত্তি না হওয়ার মতো বিষয়গুলোর উল্লেখ করা হয়। এমন প্রেক্ষাপটে সরকারের নীতিগত মনোযোগ স্বল্পমেয়াদি স্থিতিশীলতা ও সংকট ব্যবস্থাপনার দিকে সরে যায়। যেমন সামষ্টিক অর্থনীতির স্থিতিশীলতা রক্ষা, জীবিকা সুরক্ষা, খাদ্য ও জ্বালানি নিরাপত্তা

নিশ্চিত করা, বৈদেশিক লেনদেনের চাপ সামাল দেওয়া ইত্যাদি। এর ফলে উত্তরণ-সংক্রান্ত সংস্কারের জন্য প্রয়োজনীয় আর্থিক, প্রাতিষ্ঠানিক ও রাজনৈতিক সুযোগ সীমিত হয়ে পড়ে। এসব কারণে এলডিসি উত্তরণের প্রস্তুতির সময়কাল পরিকল্পিতভাবে ব্যবহার করা সম্ভব হয়নি, এমনটাই বলেছে সরকার। চিঠিতে এলডিসি-পরবর্তী বাণিজ্য সুবিধা নিয়ে বাড়তে থাকা অনিশ্চয়তার কথাও উল্লেখ করা হয়। এর মধ্যে রয়েছে তৈরি পোশাক খাতে ইউরোপীয় ইউনিয়নের জিএসপি প্লাস সুবিধা পাওয়ার ক্ষেত্রে বাংলাদেশের সম্ভাব্য জটিলতা, যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্ক আরোপ, দ্বিপক্ষীয় বাণিজ্যচুক্তির পরিবর্তন এবং প্রতিযোগী দেশগুলোর নতুন মুক্ত বাণিজ্যচুক্তি।

এদিকে, সাম্প্রতিক সময়ে পণ্য রপ্তানিতে নিম্নমুখী প্রবণতা দেখা যাচ্ছে। জ্বালানি ও অবকাঠামোগত সীমাবদ্ধতার মধ্যে বাংলাদেশ অতিমাত্রায় তৈরি পোশাক খাতের ওপর নির্ভরশীল। এই অবস্থায় অল্প সময়ের মধ্যে বাণিজ্য সুবিধা হারালে প্রতিযোগিতা সক্ষমতা ও উন্নয়ন গতি দুর্বল হতে পারে, এমন সতর্কবার্তা দিয়েছে সরকার। সিডিপির চেয়ারম্যানকে দেওয়া চিঠিতে সরকার বলেছে, শুল্ক ব্যবস্থার আধুনিকায়ন, জ্বালানি সংস্কার, রপ্তানি বৈচিত্র্যকরণ, শিল্পকারখানার কমপ্লায়েন্স অবকাঠামো উন্নয়নের অগ্রগতি হলেও, একের পর এক সংকটের কারণে সেগুলো নির্ধারিত সময়ের চেয়ে পিছিয়ে আছে। এ ক্ষেত্রে জাতিসংঘের লিস্ট ডেভেলপড কান্ট্রিজ, ল্যান্ডলকড ডেভেলপিং কান্ট্রিজ ও স্মল আইল্যান্ড ডেভেলপিং স্টেটসবিষয়ক হাই-রিপ্রেজেন্টেটিভের কার্যালয়ের (ইউএনওএইচআরএলএলএস) করা স্বাধীন 'গ্র্যাজুয়েশন রেডিনেস অ্যাসেসমেন্ট' ফলাফলকে গুরুত্ব দিতে অনুরোধ করেছে সরকার। সরকারের পক্ষ থেকে শঙ্কা প্রকাশ করে চিঠিতে বলেছে, বর্তমান সময়সূচি অনুযায়ী, এলডিসি উত্তরণ প্রক্রিয়া এগিয়ে নেওয়া হলে সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা, রপ্তানি, কর্মসংস্থান ও দারিদ্র্য হ্রাসের ক্ষেত্রে উল্লেখযোগ্য ঝুঁকি তৈরি হতে পারে। যা কিনা উত্তরণের টেকসই ও অপরিবর্তনীয় চরিত্রকে ক্ষতিগ্রস্ত করবে। সদ্য বিদায়ি অন্তর্বর্তী সরকার ইউএন সিডিপির বার্ষিক পূর্ণাঙ্গ অধিবেশন (২৪-২৭ ফেব্রুয়ারি) শুরুর আগেই আবেদন জমা দিতে পরামর্শ দিয়েছিল। তার আগে, ২৩ ফেব্রুয়ারির মধ্যে নিউইয়র্কে বাংলাদেশের স্থায়ী মিশনের স্থায়ী প্রতিনিধিকে বিষয়টি উপস্থাপনের নির্দেশনাও দিয়েছিল।

**ব্যবসায়ীদের খুশি করার চেষ্টা?**

বাংলাদেশের অর্থনীতি রপ্তানিনির্ভর। বর্তমানে মোট রফতানির ৮১ শতাংশই আসে তৈরি পোশাক থেকে। অথচ উত্তরণের পর এই খাতেই সবচেয়ে বড়ো ধাক্কা আসার শঙ্কা রয়েছে। ইউরোপীয় ইউনিয়নের শুল্কমুক্ত সুবিধা ২০২৯ সাল পর্যন্ত থাকবে, এরপর ধীরে ধীরে তা বন্ধ হবে। যুক্তরাজ্যে সর্বোচ্চ ১২ শতাংশ শুল্ক আরোপ হতে পারে। কানাডায় শুল্কের হার দাঁড়াতে পারে ১৮ শতাংশ। জাপানে ১২ দশমিক ৮ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপের আশঙ্কা রয়েছে। বিশ্ববাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) সর্বশেষ প্রতিবেদনে বলা হয়েছে, এলডিসি-পরবর্তী সময়ে বছরে প্রায় ৫৩৭ কোটি ডলার রপ্তানি আয় কমতে পারে। বিজিএমইএ ও বিকেএমইএ নেতারা মনে করছেন, রুলস অব অরিজিন ও উচ্চ কমপ্লায়েন্স খরচের কারণে পোশাক খাতের প্রতিযোগিতা আরও হ্রাস পাবে।

বিশ্বব্যাংকের সাবেক মুখ্য অর্থনীতিবিদ জাহিদ হোসেন বলেন, "এই মুহূর্তে এই আবেদন খুব বেশি কাজে আসবে বলে মনে হয় না। কারণ ২০২৪ সালেই তো সিদ্ধান্ত হয়ে গেছে। এখন মনে হয় সরকার ব্যবসায়ীদের খুশি করতে এই আবেদন করেছেন। কারণ ২০১৮ সালের পর থেকে ৮ বছর চলে গেছে তবুও প্রস্তুতি নিতে পারিনি, সময় বাড়লেও কি আগামী ৫ বছরে সেটা সম্ভব হবে? তারপরও সিডিপির বৈঠক আছে ২৪ ফেব্রুয়ারি, তারা যদি আবেদনটি বিবেচনায় নেয়, তাহলে কিছু সময় বাড়তেও পারে। সেটা হতে হলেও জাতিসংঘের সাধারণ পরিষদের বৈঠকে উঠতে হবে। সেখানে অধিকাংশ সদস্যদের ভোটে এটা পাস হতে হবে। নেপাল বা লাউস যদি গ্রাজুয়েশন করতে পারে, তাহলে আমরা কেন পারব না? এখানে সদিচ্ছাটাই গুরুত্বপূর্ণ।" বাংলাদেশ বর্তমানে এলডিসি মর্যাদার কারণে বিশ্ববাজারে জেনেরিক ঔষধ উৎপাদনে বিশেষ সুবিধা পাচ্ছে। ট্রিপস চুক্তির আওতায় মেধাস্বত্ব আইন মানতে হয় না। এর ফলে, ক্যানসার ও এইচআইভি-এইডসসহ জীবন রক্ষাকারী ঔষধ সস্তায় উৎপাদন সম্ভব হচ্ছে। কিন্তু উত্তরণের পর এই অব্যাহতি শেষ হবে। তখন বহুজাতিক কোম্পানিকে রয়্যালটি দিতে হবে। ব্যবসায়ীদের মতে, এতে একদিকে ঔষধের দাম বহুগুণ বেড়ে যাবে, অপরদিকে বাংলাদেশের ফার্মাসিউটিক্যাল রপ্তানিও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। ব্যবসায়ী নেতাদের মতে, চ্যালেঞ্জ শুধু রফতানির মধ্যে সীমাবদ্ধ নয়। একাধিক অভ্যন্তরীণ সংকট পরিস্থিতিকে আরও জটিল করছে। বিদ্যুৎ ও গ্যাসের ঘাটতি শিল্প উৎপাদন ব্যাহত করছে। মুদ্রার অবমূল্যায়নে ২০২১ সাল থেকে টাকার মান প্রায় ৪৫ শতাংশ কমেছে। ২০২৪ সালে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ (এফডিআই) ছিল মাত্র ১ দশমিক ২৭ বিলিয়ন ডলার, যেখানে একই সময়ে ভিয়েতনাম পেয়েছে ৩৮ বিলিয়ন ডলার।

**সময় বাড়ালে সমাধান কি হবে?**

ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই'র সাবেক সভাপতি ও হামীম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এ কে আজাদ বলেন, "উত্তরণ অবশ্যই ইতিবাচক। তবে এই প্রক্রিয়া সফল করতে আরও কিছুদিন সময় বাড়ানো প্রয়োজন। না হলে শুল্ক আরোপ, প্রতিযোগিতা বৃদ্ধি ও বিনিয়োগ হ্রাস দেশের অর্থনীতিকে অস্থিতিশীল করবে। আমাদের বুঝতে হবে, নিরবচ্ছিন্ন জ্বালানি আমরা পাচ্ছি না। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে আসেনি। এমন পরিস্থিতিতে আমাদের উত্তরণ হলে অনেকগুলো অনুবিধায় পড়তে হবে। সেগুলো সামাল দেওয়ার সক্ষমতা আমাদের নেই।" বিজিএমইএ-এর সাবেক পরিচালক মহিউদ্দিন রুবেল বলেন, "আমরা তো আশাই করেছিলাম উত্তরণ হচ্ছে। কিন্তু কিছু পরিস্থিতি তো আমাদের

হতাশ করেছে। এখন আমাদের রপ্তানির ৮০ শতাংশের বেশি আসে পোশাক খাতে রপ্তানি থেকে। সেই পোশাক খাত যদি চ্যালেঞ্জের মধ্যে পড়ে, তাহলে আমাদের রপ্তানি তো হুমকির মধ্যে পড়বে। সবকিছু মিলিয়ে অর্থনীতি এখনও এলডিসি-পরবর্তী প্রতিযোগিতার জন্য প্রস্তুত নয়। রফতানি আয় হ্রাস, ঔষধ শিল্পে মেধাস্বত্ব সংকট, জ্বালানি ঘাটতি, বৈদেশিক মুদ্রার অবমূল্যায়ন ও বিনিয়োগ স্থবিরতার কারণে অর্থনীতিতে বড়ো ধাক্কা আসতে পারে।" ১৯৭৫ সালে বাংলাদেশ স্বল্পোন্নত দেশের (এলডিসি) তালিকাভুক্ত হয়। এলডিসিভুক্ত থাকার সুবাদে পণ্য রপ্তানিতে শুল্কমুক্ত সুবিধাসহ নানা সুযোগ পেয়ে এসেছে। এলডিসি থেকে কোন দেশ বের হবে, সে বিষয়ে সুপারিশ করে সিডিপি। তিন বছর অন্তর এলডিসিভুক্ত দেশগুলোর ত্রিবার্ষিক মূল্যায়ন হয়। মাথাপিছু আয়, মানবসম্পদ এবং জলবায়ু ও অর্থনৈতিক ভঙ্গুরতা, এই তিন সূচকের ভিত্তিতে নির্ধারণ করা হয়, কোনো দেশ উন্নয়নশীল দেশে উত্তরণের যোগ্য কি না। যে-কোনো দুটি সূচকে উত্তীর্ণ হতে হয় অথবা মাথাপিছু আয় নির্ধারিত সীমার দ্বিগুণ হতে হয়। সময়ের সঙ্গে সঙ্গে এসব মানদণ্ড অবশ্য পরিবর্তিত হয়।

বাংলাদেশ ২০১৮ ও ২০২১ সালের ত্রিবার্ষিক মূল্যায়নে তিনটি সূচকেই উত্তীর্ণ হয়েছে। সেগুলো হচ্ছে মাথাপিছু মোট জাতীয় আয় (জিএনআই), মানবসম্পদ সূচক (এইচএআই) এবং অর্থনৈতিক ঝুঁকিপূর্ণতা সূচক (ইভিআই)। ২০২১ সালেই চূড়ান্তভাবে সুপারিশ করা হয়েছিল, ২০২৪ সালে বাংলাদেশ এলডিসি থেকে বের হবে। করোনার কারণে উত্তরণ দুই বছর পিছিয়েছে। এলডিসি থেকে উত্তরণে তিনটির মধ্যে দুটি মানদণ্ড পূরণ করতে হয়, মাথাপিছু জিএনআই ১ হাজার ৩০৬ ডলার বা তার বেশি, এইচএআই ৬৬ বা তার বেশি এবং ইভিআই ৩২ বা তার নিচে। বাংলাদেশ প্রথমবার ২০১৮ সালে তিনটি মানদণ্ডই পূরণ করে। ২০২১ সালেও তা ধরে রাখে। ওই সময় মাথাপিছু জিএনআই ছিল ১ হাজার ৮২৭ ডলার, এইচএআই ৭৫ দশমিক ৪ এবং ইভিআই ২৭। ২০২৪ সালে মাথাপিছু জিএনআই বেড়ে দাঁড়ায় ২ হাজার ৮২০ ডলারে।

**সময় বাড়ানোর উদাহরণ রয়েছে**

এলডিসি থেকে উত্তরণের সময় পেছানোর আবেদন করে সফল হয়েছে সলোমন দ্বীপপুঞ্জ। ২০২৩ সালে দেশটির সরকার গৃহযুদ্ধ ও প্রাকৃতিক দুর্যোগের কারণ দেখিয়ে বাড়তি সময় চেয়ে জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসির (সিডিপি) কাছে আবেদন করে। তা মূল্যায়ন করে দেশটিকে তিন বছর সময় বাড়িয়ে দেয় সিডিপি। এ ছাড়া সুনামির কারণে মালদ্বীপ এবং ভূমিকম্পের কারণে নেপালের এলডিসি উত্তরণও নির্ধারিত সময়ে হয়নি। তেলের দামের পতনে অর্থনীতি ভেঙে পড়ে অ্যাঙ্গোলার। ফলে তারা সুযোগ পেয়েছে। সামরিক অভ্যুত্থানের পর সিডিপি নিজেই পিছিয়ে দেয় মিয়ানমারের উত্তরণ। বেসরকারি গবেষণাপ্রতিষ্ঠান সিপিডির বিশেষ ফেলো মোস্তাফিজুর রহমান বলেন, "উত্তরণের মানদণ্ডের বিচারে এলডিসি উত্তরণ পেছানোর সুযোগ নেই। তবে অর্থনৈতিক ও রাজনৈতিক চ্যালেঞ্জের বিষয়টি সামনে আনা যেতে পারে। বলতে হবে, আমাদের টেকসই উত্তরণে স্মুথ ট্রানজিশন স্ট্র্যাটেজিতে বেশি অগ্রগতি হয়নি। রাজনৈতিক পটপরিবর্তন থেকে জাতীয় সংবাদ নির্বাচন পর্যন্ত একটি ক্রান্তিকাল অতিক্রম করেছে দেশ। ফলে উত্তরণ টেকসই করতে আরও সময় দরকার। দ্রুত সময়ের মধ্যে এলডিসি পেছানোর আবেদন করে ভালো করেছে। সিডিপি এটি মূল্যায়ন করলেও জাতিসংঘের সাধারণ পরিষদের সভায় চূড়ান্ত সিদ্ধান্ত হবে। সেখানে প্রস্তাবের পক্ষে-বিপক্ষে ভোট হবে। ফলে ভারত, চীন ও ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) মতো বন্ধু রাষ্ট্রের নিজেদের পক্ষে রাখতে এখনই সরকারকে কাজ শুরু করতে হবে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## শাহজালাল বিমানবন্দরের থার্ড টার্মিনাল চালুর নির্দেশ প্রধানমন্ত্রীর

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল চালুর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে তিনি এ নির্দেশ দেন। প্রধানমন্ত্রীর সভাপতিত্ব অনুষ্ঠিত বৈঠকে অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম, প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মোস্তফা মাহমুদ সিদ্দিক সভায় উপস্থিত ছিলেন। বৈঠক শেষে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম সাংবাদিকদের জানান, প্রধানমন্ত্রী চেষ্টা করছেন, যেন সামনে থার্ড টার্মিনাল চালু করা যায়। সে ব্যাপারে তিনি নির্দেশনা দিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রীর সঙ্গে সৌদি রাষ্ট্রদূতের সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ড. আব্দুল্লাহ জাফর এইচ বিন আবিয়া। রোববার বেলা ১১টায় সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে তাদের মধ্যে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন বিষয়টি নিশ্চিত করেছেন। সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী তারেক রহমান আশাবাদ ব্যক্ত করেন, বাংলাদেশ-সৌদি আরব বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ভবিষ্যতে নতুন উচ্চতায় উন্নীত হবে। প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করায় তারেক রহমানকে অভিনন্দন জানিয়ে সৌদি রাষ্ট্রদূত বলেন, সৌদি সরকারের পক্ষ

থেকে সব ধরনের সহযোগিতা অব্যাহত থাকবে। সাক্ষাৎকালে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা হুমায়ুন কবির উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## পররাষ্ট্রমন্ত্রী-প্রতিমন্ত্রীর সঙ্গে সৌদি রাষ্ট্রদূতের সাক্ষাৎ

পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ড. আব্দুল্লাহ জাফর এইচ বিন আবিয়া। বিদেশি কূটনীতিকদের মধ্যে তিনিই প্রথম পররাষ্ট্রমন্ত্রী ও প্রতিমন্ত্রীর সঙ্গে আনুষ্ঠানিক সাক্ষাৎ করেন। রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ে পৃথক বৈঠকে পররাষ্ট্র নেতৃত্বের সঙ্গে সাক্ষাৎ করেন সৌদি রাষ্ট্রদূত। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, সকালে রাষ্ট্রদূত প্রথমে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের দপ্তরে তার সঙ্গে সাক্ষাৎ করেন। পরে তিনি পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে বৈঠক করেন। বৈঠকগুলোতে দুই দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে বলে ধারণা করা হচ্ছে। এদিকে, একই দিনে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গেও সাক্ষাৎ করেন সৌদি রাষ্ট্রদূত। সাক্ষাৎকালে বাংলাদেশ ও সৌদি আরবের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মতবিনিময় হয়। বিশেষ করে অর্থনৈতিক সহযোগিতা জোরদার, জনশক্তি রপ্তানি বৃদ্ধি এবং জ্বালানি খাতে বিনিয়োগ সম্প্রসারণের বিষয় গুরুত্ব পায় বলে জানা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## অন্তবর্তী সরকারের সময়ের অধ্যাদেশ সংসদে উপস্থাপন করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আগামী ১২ মার্চ থেকে শুরু হতে পারে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, অধিবেশন শুরু হলে অন্তবর্তী সরকারের সময়ে যে-সব অধ্যাদেশ প্রণয়ন করা হয়েছে, সেগুলো উপস্থাপন করা হবে। রোববার দুপুর আড়াইটার দিকে সচিবালয়ে প্রধানমন্ত্রীর অফিসের সামনে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, অধিবেশন আহ্বানের প্রজ্ঞাপন ১৫ দিন আগে করতে হবে। সামারিটা জাতীয় সংসদ সচিবালয় থেকে প্রধানমন্ত্রীর দপ্তর হয়ে রাষ্ট্রপতির কাছে যাবে। প্রধানমন্ত্রীর পরামর্শক্রমেই সংসদ অধিবেশন আহ্বান করবেন রাষ্ট্রপতি। তিনি বলেন, আগামী ১২ মার্চ সংসদ অধিবেশন শুরু হতে পারে। সেই অধিবেশনে কী কী কর্মসূচি থাকবে, সে বিষয়ে আলোচনা হয়েছে। যেমন- অধিবেশনে স্পিকার, ডেপুটি স্পিকার নির্বাচিত করা হবে। অন্তবর্তী সরকারের সময়ে যে-সব অধ্যাদেশ প্রণয়ন করা হয়েছে, সেগুলো উপস্থাপন করা হবে এবং রাষ্ট্রপতির ভাষণ প্রদান। এছাড়া, সংসদের নিয়মিত কার্যক্রম পরিচালিত হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## আমরা কথাবার্তা কম বলে কাজ বেশি করতে চাই : অর্থমন্ত্রী আমীর খসরু

আমরা কথাবার্তা কম বলে কাজ বেশি করতে চাই এমন মন্তব্য করেছেন অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, দায়িত্ব নেওয়ার মাত্র দুই দিন হলো। আমি সময় নিয়ে কথা বলি। আজকে সবেমাত্র মন্ত্রণালয়ে আসলাম। সব কিছু রিভিউ করি, তারপরে কথা বলি। আমরা কাজে বিশ্বাসী। মন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর রোববার আগারগাঁও পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রথম অফিস করেন তিনি। এসময় পরিকল্পনা নিয়ে গণমাধ্যম কর্মীরা জানতে চাইলে মন্ত্রী এসব কথা বলেন। আসন্ন পরিকল্পনা প্রসঙ্গে মন্ত্রী বলেন, আমি কথা কম বলি কাজ বেশি করি। সবেমাত্র এখানে এসে বসলাম। আমার কর্মকর্তাদের সঙ্গে বসে সব কিছু জানি তারপর কথা বলি। আপনাদের বস্তুনিষ্ঠ তথ্য দিতে চাই। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## সাবেক পররাষ্ট্র উপদেষ্টার সমর্থন পাননি, অভিযোগ রাষ্ট্রদূত মুশফিকের

মেক্সিকোতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারি দাবি করেছেন, জাতিসংঘের একটি গুরুত্বপূর্ণ পদে আবেদন করার ক্ষেত্রে তিনি নিজ দেশের সরকারের প্রত্যাশিত সমর্থন পাননি। এ নিয়ে সদ্য বিদায়ি পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেনের বিরুদ্ধে অভিযোগ তুলেছেন তিনি। এই রাষ্ট্রদূতের দাবি, জাতিসংঘের মানবাধিকার বিষয়ক সহকারী মহাসচিব পদে আবেদন করার পর তাকে 'অগ্রসর না হতে' নির্দেশ দিয়েছিলেন তৌহিদ হোসেন। রোববার নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তিনি জানান, শেষ পর্যন্ত বাংলাদেশ সরকারের আনুষ্ঠানিক সমর্থন না পাওয়ায়, তার আবেদন প্রক্রিয়া এগোয়নি। ওই পোস্টে তিনি আরও জানান, জাতিসংঘের মানবাধিকার বিষয়ক সহকারী মহাসচিব পদে আবেদন করতে তাকে প্রথমে উৎসাহ দেন জাতিসংঘের এক বিদেশি সহকর্মী। লাটভিয়ার ব্র্যান্ডস কেহরিসের মেয়াদ শেষ হওয়ায় পদটি শূন্য হলে বিষয়টি তিনি সরকার প্রধান প্রফেসর মুহাম্মদ ইউনূসকে অবহিত করেন। পরে তার পরামর্শে তৎকালীন পররাষ্ট্র উপদেষ্টার সঙ্গে যোগাযোগ করেন। রাষ্ট্রদূতের দাবি, সাবেক পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন শুরুতে আবেদন করতে মৌখিক সম্মতি দিলেও, আবেদন জমা দেওয়ার পর তাকে বার্তা পাঠিয়ে 'not to proceed' বা অগ্রসর না হওয়ার নির্দেশ দেন। ফেসবুকে দেওয়া পোস্টে রাষ্ট্রদূত লেখেন, আমি জানাই, আবেদন এরই মধ্যে পাঠানো হয়েছে। এরপর থেকে আজ পর্যন্ত তিনি আমার ফোন ধরেননি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## ইনকিলাব জিন্দাবাদ’ নিয়ে বিদ্যুৎ মন্ত্রীর বক্তব্যের প্রতিবাদ জামায়াতের

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদের ‘ইনকিলাব জিন্দাবাদ’ স্লোগানের মন্তব্যে গভীর উদ্বেগ, নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। রোববার দলটির সহকারী সেক্রেটারি জেনারেল এবং কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের প্রধান অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের এক বিবৃতিতে এ প্রতিবাদ জানান। বিবৃতিতে তিনি বলেন, আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের আলোচনা সভায় ‘ইনকিলাব জিন্দাবাদ’ স্লোগান সম্পর্কে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ যে বক্তব্য প্রদান করেছেন, তা কেবল অসঙ্গতই নয়, বরং ইতিহাস, ভাষাতত্ত্ব ও গণআকাঙ্ক্ষার বাস্তবতাকে অস্বীকার করার শামিল। আমি তার এই মন্তব্যে গভীর উদ্বেগ প্রকাশ করছি এবং নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। তিনি আরও বলেন, ‘ইনকিলাব’ শব্দটি আরবি উৎসভিত্তিক হলেও, উপমহাদেশের স্বাধীনতা আন্দোলন, স্বৈরাচারবিরোধী সংগ্রাম এবং গণঅধিকার প্রতিষ্ঠার লড়াইয়ে বহু দশক ধরে ব্যবহৃত হয়ে আসছে। ভাষা কোনো সংকীর্ণ গণ্ডিতে আবদ্ধ নয়, ভাষা জনগণের ব্যবহারে সমৃদ্ধ হয়, বিকশিত হয় এবং আপন রূপ লাভ করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## শিক্ষামন্ত্রীকে পদত্যাগপত্র দিলেন ঢাবি উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদ থেকে পদত্যাগপত্র জমা দিয়েছেন অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। রোববার তিনি শিক্ষামন্ত্রী এহছানুল হক মিলনের কাছে আনুষ্ঠানিকভাবে এ পদত্যাগপত্র দেন। শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা এ তথ্য নিশ্চিত করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## হিলি দিয়ে আমদানি-রপ্তানি শুরু

আন্তর্জাতিক মাতৃভাষা ও শহিদ দিবস উপলক্ষ্যে একদিন বন্ধের পর দিনাজপুরের হিলি স্থলবন্দর দিয়ে রোববার সকাল থেকে আমদানি-রপ্তানিসহ বন্দরের সকল কার্যক্রম শুরু হয়েছে। হিলি কাস্টম সিঅ্যান্ডএফ অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক শাহিনুর রহমান বিষয়টি নিশ্চিত করে বলেন, আন্তর্জাতিক মাতৃভাষা ও শহিদ দিবস উপলক্ষ্যে বন্দরের আমদানি কার্যক্রম বন্ধ থাকায় আজ থেকে আবারও শুরু হয়েছে। ইমিগ্রেশন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আরিফুল ইসলাম জানান, শহিদ দিবস উপলক্ষ্যে আমদানি-রপ্তানি বন্ধ থাকলেও, পাসপোর্টধারী যাত্রী পারাপার স্বাভাবিক ছিল, এখনো রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## জরিমানা না দিয়ে উল্টো বাজার বন্ধের হুমকি, শাস্তির দাবি ক্যাবের

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিমূলক অভিযানে বাধা ও মার্কেট বন্ধের হুমকির ঘটনায় দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থার দাবিতে বাণিজ্য মন্ত্রণালয়ে স্মারকলিপি দিয়েছে কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)। রোববার ক্যাব সভাপতি এ এইচ এম সফিকুজ্জামান সই করা স্মারকলিপি বাণিজ্য, শিল্প, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বরাবর দেওয়া হয়। এতে বলা হয়, গত ১৮ ফেব্রুয়ারি জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল জব্বার মন্ডল ঢাকার চকবাজার থানার মৌলভীবাজার এলাকায় একটি তদারকিমূলক অভিযান পরিচালনা করেন। ওই অভিযানে দেখা যায় যে, মেসার্স দেওয়ান ট্রেডার্স মাত্র ১০ দিনের ব্যবধানে ছোলার দাম কেজি প্রতি ৫ (পাঁচ) টাকা বৃদ্ধি করে বিক্রি করছে। মূল্যবৃদ্ধির যৌক্তিকতা আনতে চাইলে সংশ্লিষ্ট ব্যবসায়ীরা পণ্য ক্রয়ের মূল্য বেশি হওয়ার দাবি করলেও, তার পক্ষে কোনো বৈধ ক্রয়-সংক্রান্ত ক্যাশ মেমো প্রদর্শনে ব্যর্থ হন। বরং তারা স্বীকার করেন যে, পণ্য বাকিতে ক্রয় করে বিক্রির পর মূল্য পরিশোধের সময় ক্যাশ মেমো দেওয়া হয়, যা ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর পরিপন্থি এবং বাজারে অস্বচ্ছতার সুস্পষ্ট প্রমাণ। এই অনিয়মের পরিপ্রেক্ষিতে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৪৫ ধারার আওতায় মেসার্স দেওয়ান ট্রেডার্স-এর বিরুদ্ধে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ করা হলে মৌলভীবাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মোহাম্মদ আলী ভুট্টো প্রকাশ্যে জরিমানা পরিশোধ করা হবে না মর্মে ঘোষণা দেন। এ সময় তিনি অন্যান্য ব্যবসায়ীদের জড়ো করে হইচই সৃষ্টি করেন, দোকানপাট বন্ধ করে দেওয়ার হুমকি দেন। বিভিন্নভাবে সরকারি কাজে বাধা প্রদান করেন। পরিস্থিতি শান্ত রাখতে আলোচনার প্রস্তাব প্রত্যাখ্যান করে তিনি পরিস্থিতি আরও উত্তপ্ত করার চেষ্টা করেন, যা আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও ভোক্তা অধিকার সংরক্ষণের জন্য গুরুতর উদ্‌বেগজনক।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## হাসিনা-কামালসহ ৬ জনের বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের নির্দেশ

রাজধানীর মিরপুরের জাহাজবাড়িতে জঙ্গি নাটক সাজিয়ে ৯ তরুণ হত্যার ঘটনায় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ পলাতক ছয় আসামির হাজিরার বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের নির্দেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। একইসঙ্গে এ সংক্রান্ত বিষয়ে পরবর্তী শুনানির জন্য আগামী ৮ মার্চ দিন ঠিক করা হয়েছে। রোববার ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বাধীন ট্রাইব্যুনালের বিচারিক প্যানেল এই আদেশ দেন। ট্রাইব্যুনালে আজ রাষ্ট্রপক্ষে শুনানি করেন প্রসিকিউটর গাজী এমএইচ তামিম। সঙ্গে ছিলেন প্রসিকিউটর সাইমুম রেজা তালুকদার ও আবদুস সাত্তার পালোয়ান।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## ‘সবার আগে বাংলাদেশ’ নীতি সমর্থন চীনের, সম্পর্ক আরও মজবুত করার অঙ্গীকার

বিএনপি নেতৃত্বাধীন নতুন সরকারের ‘সবার আগে বাংলাদেশ' নীতিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এ নীতির প্রতি সমর্থন জানিয়েছে চীন। একইসঙ্গে দেশটি দ্বিপক্ষীয় সম্পর্ক আরও শক্তিশালী করার অঙ্গীকার করেছে। রোববার পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে প্রথম বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ঢাকাস্থ চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন এ কথা জানান। এসময় রাষ্ট্রদূত বাংলাদেশের নতুন সরকার খুব শিগ্‌গির তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন শুরু করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিস্তা প্রকল্প নিয়ে এক প্রশ্নের জবাবে ইয়াও ওয়েন আরও বলেন, দীর্ঘদিন ধরে তিস্তা প্রকল্প নিয়ে আলোচনা চলমান রয়েছে। এটি শিগ্‌গির শুরু হবে- এটি আমার অন্যতম প্রত্যাশা। পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে প্রথম বৈঠক সম্পর্কে তিনি বলেন, বৈঠকটি আন্তরিক ও বন্ধুত্বপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। উভয়পক্ষ চীন-বাংলাদেশ সম্পর্ক, অর্থনৈতিক সহযোগিতা এবং রোহিঙ্গা সংকটসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে গভীর ও বাস্তবসম্মত আলোচনায় অংশ নিয়েছে। রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশে সম্প্রতি অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচন শান্তিপূর্ণ ও স্বাভাবিকভাবে সম্পন্ন হয়েছে। এটি বাংলাদেশের গণতন্ত্রের জন্য এক বিজয় এবং দেশের জনগণের জন্যও গুরুত্বপূর্ণ অর্জন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা যাচাই-বাছাইয়ের সিদ্ধান্ত

প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা যাচাই-বাছাই ও সঠিক ইতিহাস সংরক্ষণে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রোববার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সদস্যদের সঙ্গে এক মতবিনিময় সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী হাফিজ উদ্দিন আহমদ। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সভায় প্রকৃত মুক্তিযোদ্ধাদের তালিকা যাচাই-বাছাই এবং সঠিক ইতিহাস সংরক্ষণে বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয় বলে জানানো হয়। সভায় মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী বলেন, মহান মুক্তিযুদ্ধই দেশের স্বাধীনতার মূল ভিত্তি। মুক্তিযুদ্ধের সঙ্গে অন্যান্য আন্দোলন সংগ্রামকে এক করে দেখা ঠিক হবে না। মুক্তিযুদ্ধের চেতনার রাজনৈতিক অপব্যবহার নিয়ে উদ্বেগ প্রকাশ করে মন্ত্রী বলেন, দীর্ঘদিন ধরে মুক্তিযুদ্ধের ইতিহাস এবং চেতনার এত বেশি অপব্যবহার হয়েছে যে, এর ফলে তরুণ প্রজন্ম সঠিক ইতিহাস জানা থেকে বঞ্চিত হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## স্থানীয় নির্বাচনে দলীয় প্রতীক থাকছে কি না, সংসদের দিকে তাকিয়ে ইসি

সিটি করপোরেশনসহ স্থানীয় সরকার নির্বাচনে দলীয় মনোনয়ন থাকছে কি না, সে বিষয়ে নতুন সংসদের সিদ্ধান্তের অপেক্ষায় নির্বাচন কমিশন। অন্তর্বর্তী সরকারের জারি করা অধ্যাদেশে স্থানীয় ভোটে দলীয় প্রতীক বাদ দেওয়া হয়েছে। এখন সংসদ এটি অনুমোদন করলে বা কোনো পরিবর্তন আনলে, সেই অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে। যেহেতু সংসদে সংখ্যাগরিষ্ঠতা পেয়ে বিএনপি সরকার গঠন করেছে, সেহেতু তাদের ওপরই স্থানীয় নির্বাচনে দলীয় প্রতীক থাকা না থাকা নির্ভর করছে। রোববার রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনে নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ এ তথ্য জানান। একইসঙ্গে তিনি সংরক্ষিত নারী আসন এবং স্থগিত আসনের নির্বাচন ও উপ-নির্বাচন নিয়ে কমিশনের পরিকল্পনা তুলে ধরেন। সিটি করপোরেশন নির্বাচন নিয়ে কমিশনার মাছউদ বলেন, “আমার জানামতে, অধ্যাদেশের মাধ্যমে মেয়র প্রার্থী পদে দলীয় মনোনয়নের বিষয়টি বাদ দেওয়া হয়েছে। এখন সংসদ বসবে। সংসদ বসার পর এই বিল বা অধ্যাদেশ যদি অনুমোদন হয়, তবে সেভাবেই নির্বাচন হবে। যদি পরিবর্তন হয়ে আগের অবস্থায় ফিরে যায়, তবে অন্যরকম হবে। আমরা মূলত সংসদ অধিবেশনের সিদ্ধান্তের দিকে তাকিয়ে আছি।” (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০২.২০২৬ আসাদ)

## জামায়াতের সংরক্ষিত নারী আসনে থাকতে পারেন এনসিপি নেত্রী

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন শেষ। শপথ নিয়েছেন জনগণের ভোটে নির্বাচিত এমপি-মন্ত্রীরা। এখন চলছে সংরক্ষিত নারী আসনে নির্বাচন ঘিরে রাজনৈতিক দলগুলোর প্রস্তুতি। বিভিন্ন দলে চলছে নারী প্রার্থী বাছাই ও মনোনয়ন প্রক্রিয়া। দলের ইতিহাসে সর্বোচ্চ সংখ্যক সংরক্ষিত নারী আসন পেতে যাওয়া বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনয়নে চমক দিতে পারে বলে জানায় বিভিন্ন সূত্র। জামায়াতের সঙ্গে জোটবদ্ধ হয়ে নির্বাচন করা জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) থেকেও সংরক্ষিত আসনের এমপি বানাতে পারে দলটি। এর আগে, জামায়াত ১৯৯১ সালের পঞ্চম জাতীয় সংসদ নির্বাচনে ১৮টি আসন পায়, সে অনুপাতে দুটি সংরক্ষিত নারী আসন লাভ করে তারা। ২০০১ সালের অষ্টম সংসদে ১৭টি আসন পেয়ে চারটি নারী আসন পায়। ২০০৮ সালে নবম জাতীয় সংসদ নির্বাচনে কোনো সংরক্ষিত নারী আসন পায়নি দলটি। এবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জামায়াত এককভাবে দলীয় প্রতীকে রেকর্ড সংখ্যক ৬৮টি আসন পেয়েছে। সে অনুপাতে এবার ১১টি সংরক্ষিত নারী আসন পেতে যাচ্ছে দলটি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## সেনাবাহিনীর শীর্ষস্থানীয় পদে রদবদল

বাংলাদেশ সেনাবাহিনীর শীর্ষস্থানীয় পদগুলোতে রদবদল আনা হয়েছে। রোববার (২২ ফেব্রুয়ারি) সেনাসদর থেকে এ-সংক্রান্ত আদেশ জারি করা হয়। প্রতিরক্ষা মন্ত্রণালয় সূত্র এ তথ্য নিশ্চিত করেছে। সেনাবাহিনীর চিফ অব জেনারেল

স্টাফ হিসেবে নিয়োগ পেয়েছেন লেফটেন্যান্ট জেনারেল মাইনুর রহমান। আগে তিনি ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ডের (আর্টডক) জিওসি ছিলেন। সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লেফটেন্যান্ট জেনারেল এস এম কামরুল হাসানকে পররাষ্ট্র মন্ত্রণালয়ে বদলি করা হয়েছে। নতুন প্রিন্সিপাল স্টাফ অফিসার হিসেবে নিয়োগ পেয়েছেন মেজর জেনারেল মীর মুশফিকুর রহমান। তিনি এর আগে ২৪ পদাতিক ডিভিশনের জিওসি ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## নতুন সরকারের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও এগিয়ে নিতে চায় ভারত

পারস্পরিক শ্রদ্ধা, অভিন্ন স্বার্থ ও পারস্পরিক সুবিধার ভিত্তিতে বাংলাদেশের নতুন সরকারের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও এগিয়ে নিতে আগ্রহ প্রকাশ করেছে ভারত। রোববার (২২ ফেব্রুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ও প্রতিমন্ত্রী শামা ওবায়েদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা। সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন তিনি। হাইকমিশনার বলেন, বৈঠকটি মূলত সৌজন্য সাক্ষাৎ ও প্রাথমিক মতবিনিময় হলেও, দ্বিপক্ষীয় সম্পর্কের ভবিষ্যৎ নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। তিনি বলেন, ইতিবাচক ও ভবিষ্যৎমুখী দৃষ্টিভঙ্গিতে জনগণকেন্দ্রিক সহযোগিতা জোরদার করতে চায় নয়াদিল্লি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## মঞ্জুরুলকে ক্রিকেট থেকে নিষিদ্ধ করছে বিসিবি

যৌন হয়রানির অভিযোগ প্রমাণিত হওয়ায় সাবেক ক্রিকেটার ও জাতীয় নারী দলের সাবেক নির্বাচক মঞ্জুরুল ইসলামকে নিষিদ্ধ করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। আজ রোববার বিসিবির ভার্চুয়াল বোর্ড সভায় এই কঠোর সিদ্ধান্ত নেওয়া হয়। জাতীয় দলের অভিজ্ঞ পেসার জাহানারা আলমের করা এক অভিযোগের ভিত্তিতে তদন্ত চালিয়ে ঘটনার সত্যতা পাওয়ায় এই পদক্ষেপ নিয়েছে বোর্ড। বিসিবির একটি নির্ভরযোগ্য সূত্র এই খবরের সত্যতা নিশ্চিত করেছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## যে-কোনো সংসদ সদস্য প্রথম অধিবেশনে স্পিকারের দায়িত্ব পালন করতে পারবেন

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আগামী ১২ মার্চ থেকে শুরু হতে পারে। সংসদ অধিবেশন শুরু হওয়ার আগেই আলোচনায় প্রথম অধিবেশনে স্পিকার হিসেবে দায়িত্ব পালন করবেন কে? তবে যেহেতু স্পিকার এবং ডেপুটি স্পিকারের পদ বর্তমানে খালি রয়েছে, ফলে জাতীয় সংসদের প্রথম অধিবেশনে সংবিধানের ৭৪ অনুচ্ছেদ ও কার্যপ্রণালি বিধি ৮-১০ মোতাবেক যে-কোনো সংসদ সদস্য স্পিকার হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। সংবিধান বিশেষজ্ঞ ও সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী অ্যাডভোকেট মোহাম্মদ শিশির মনির এমন ব্যাখ্যা দিয়েছেন। রোববার (২২ ফেব্রুয়ারি) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে এক পোস্টে এ মন্তব্য করেন তিনি। ফেসবুক পোস্টে আইনজীবী শিশির মনির লেখেন, "গত ১৩ ফেব্রুয়ারি ত্রয়োদশ সংসদ নির্বাচনের ফলাফলের গেজেট প্রকাশ হয়েছে। গত ১৭ ফেব্রুয়ারি সংসদ সদস্যরা শপথ গ্রহণ করেন। সংবিধানের ৭২ অনুচ্ছেদ মোতাবেক রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীর লিখিত পরামর্শ অনুসারে, ১৫ মার্চের মধ্যে সংসদের অধিবেশন আহ্বান করবেন।" (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## তিন ক্যাটাগরিতে আরও ৭১৩ জুলাই যোদ্ধার গেজেট প্রকাশ

তিনটি ক্যাটাগরিতে আরও ৭১৩ জন জুলাই যোদ্ধার গেজেট প্রকাশ করা হয়েছে। এর আগে, এ বিষয়ে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়। তিন ধাপে গত ১৭, ১৩ ও ১১ ফেব্রুয়ারি গেজেট প্রকাশ করা হয়। জুলাইযোদ্ধাদের মধ্যে 'ক' ক্যাটাগরির অতি গুরুতর আহত ৬ জন, 'খ' ক্যাটাগরির গুরুতর আহত ৩৩ জন রয়েছেন। বাকি ৬৭৪ জন 'গ' ক্যাটাগরির আহত জুলাই যোদ্ধা। বিজ্ঞাপন 'গ' ক্যাটাগরির আহত জুলাই যোদ্ধাদের মধ্যে ঢাকা বিভাগে ২০১ জন, বরিশাল বিভাগে দু-জন, সিলেট বিভাগে ২৪ জন, চট্টগ্রাম বিভাগের ২৩৬ জন, রাজশাহী বিভাগে ১৫৫ জন, রংপুর বিভাগে ৫১ জন ও খুলনা বিভাগে পাঁচজন রয়েছেন। 'জুলাই গণ-অভ্যুত্থানে শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের কল্যাণ এবং পুনর্বাসন অধ্যাদেশ, ২০২৫' অনুযায়ী মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়কে দেওয়া ক্ষমতাবলে জুলাই গণ-অভ্যুত্থান ২০২৪-এ 'জুলাইযোদ্ধা' গেজেট সরকার প্রকাশ করে বলে গেজেটে উল্লেখ করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## বাংলাদেশের বাজারে আমেরিকান খেজুর-বাদাম দেখে খুশি মার্কিন রাষ্ট্রদূত

বাংলাদেশের বাজারে আমেরিকার খেজুর, বাদাম ও ফলের জুসসহ বিভিন্ন পণ্য দেখে সন্তোষ প্রকাশ করেছেন ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন। রোববার (২২ ফেব্রুয়ারি) দুপুরে মার্কিন দূতাবাসের ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ সন্তোষ প্রকাশ করেন। ওই পোস্টে রাষ্ট্রদূত ক্রিস্টেনসেন বলেন, 'বাজারে আজ আমেরিকান খেজুর, বাদাম, শুকনো ফল, ট্যাং এবং ফলের জুস দেখতে পেরে ভালো লাগছে। রমজানের ইফতার আয়োজনে সময়মতো এসব পণ্য পাওয়া যাচ্ছে, যা বাংলাদেশের ভোক্তা ও আমেরিকার কৃষক, উভয়ের জন্যই উপকারী।' তিনি আরও বলেন, রমজান সামনে রেখে এসব পণ্যের সহজলভ্যতা দুই দেশের বাণিজ্যিক সম্পর্ক ও কৃষিপণ্যের আদান-প্রদানের ইতিবাচক দিক তুলে ধরে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## নির্বাচনে মেটিকুলাস ডিজাইনে জাপাকে হারিয়ে দেওয়া হয়েছেঃ মহাসচিব

অন্তর্বর্তী সরকারের নির্দেশনায় মেটিকুলাস ডিজাইনে ইলেকশন ইঞ্জিনিয়ারিং করে জাতীয় পার্টিকে (জাপা) নির্বাচনে হারিয়ে দেওয়া হয়েছে বলে দাবি করেছেন দলের মহাসচিব শামীম হায়দার পাটোয়ারী। রোববার (২২ ফেব্রুয়ারি) বিকেলে ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে জাপা আয়োজিত সংবাদ সম্মেলনে এ দাবি করেন তিনি। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন পরবর্তী দলের অবস্থান তুলে ধরতে এ সংবাদ সম্মেলন হয়। অন্তর্বর্তী সরকারের বিরুদ্ধে সুস্পষ্ট বৈষম্যের অভিযোগ তুলে জাপা মহাসচিব বলেন, সরকারের নির্দেশনায় প্রশাসন ইলেকশন ইঞ্জিনিয়ারিং করেছে। জাপা যেন একটি আসনেও না জিতে এবং শতকরা এক ভাগও ভোট না পায়, তার জন্য নীলনকশার নির্বাচন করা হয়। জাপার শক্তিশালী আসনগুলোতে তাদের তৃতীয় করা হয়েছে, জামানত বাজেয়াপ্ত করা হয়েছে, যা পূর্ববর্তী নির্বাচনের ফলাফলের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ। জাপার জন্য যা বিস্ময়কর। 'তথাপি তারেক রহমান ও নতুন সরকারকে আমরা অভিনন্দন জানাই। নতুন সরকার প্রতিহিংসা পরিহার করে অন্তর্ভুক্তিমূলক রাজনীতি করবে, আমরা এটাই প্রত্যাশা করি,' যোগ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজঃ ২২.০২.২০২৬ রিহাব)

## রুমিন ফারহানাকে শহিদ মিনারে বাধা, ১৫০ জনের বিরুদ্ধে মামলা

ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য ব্যারিস্টার রুমিন ফারহানাকে শহিদ মিনারে শ্রদ্ধা নিবেদনে বাধা ও কর্মীদের মারপিটের অভিযোগে ১৫০ জনের বিরুদ্ধে মামলা করা হয়েছে। আসামিদের অধিকাংশই বিএনপি ও অঙ্গসংগঠনের নেতা-কর্মী। রোববার (২২ ফেব্রুয়ারি) দুপুরে আহাদ নামে রুমিন ফারহানার এক কর্মী বাদী হয়ে সরাইল থানায় মামলাটি করেন। মামলার প্রধান আসামি করা হয়েছে সরাইল উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ার হোসেনকে। সরাইল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনজুর কাদের ভূঁইয়া জানান, মামলার এজাহারনামীয় আসামি পাঁচজন। অজ্ঞাত আসামি ১৪০-১৫০ জন। ইতোমধ্যে মামলাটি নথিভুক্ত করা হয়েছে। তদন্ত সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজঃ ২২.০২.২০২৬ রিহাব)

## সাবেক এমপি আফিল ও তার স্ত্রীর নামে দুদকের মামলা

জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে যশোর-১ আসনের সাবেক সংসদ সদস্য শেখ আফিল উদ্দিন ও তার স্ত্রী তাহেরা সোবহার নামে পৃথক দুটি মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। তাদের বিরুদ্ধে ৬২ কোটি ৩১ লাখ ১৫ হাজার ৭৩০ টাকার জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদ অর্জন অভিযোগ আনা হয়েছে। পাশাপাশি তাদের তিন ছেলে শেখ কুতুব উদ্দিন, শেখ তামিম উদ্দিন ও শেখ আফনান উদ্দিনের নামে সম্পদ বিবরণী দাখিলের নোটিশ জারি করেছে সংস্থাটি। রোববার (২২ ফেব্রুয়ারি) দুদকের সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১-এ উপ-সহকারী পরিচালক সৈয়দ মাইদুল ইসলাম বাদী হয়ে মামলা দুটি দায়ের করেন। বিষয়টি নিশ্চিত করেছেন দুদকের মহাপরিচালক আক্তার হোসেন। দুদকের অভিযোগে বলা হয়, শেখ আফিল উদ্দিন ও তার স্ত্রী মিলে মোট ৬২ কোটি ৩১ লাখ ১৫ হাজার ৭৩০ টাকার জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদ অর্জন করেছেন। এর মধ্যে শেখ আফিল উদ্দিনের বিরুদ্ধে ৪৬ কোটি ২৬ লাখ ৪ হাজার ৪২২ টাকা এবং তার স্ত্রীর বিরুদ্ধে ১৬ কোটি ৫ লাখ ১১ হাজার ৩০৮ টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ আনা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজঃ ২২.০২.২০২৬ রিহাব)

## জামায়াতের কেন্দ্রীয় কর্মপরিষদে জায়গা পেলেন শিশির মনির

বাংলাদেশ জামায়াতে ইসলামীর ২০২৬-২৮ কার্যকালের জন্য কেন্দ্রীয় কর্মপরিষদ গঠিত হয়েছে। গত শুক্রবার (২০ ফেব্রুয়ারি) কেন্দ্রীয় মজলিসে শুরার ভার্চুয়াল অধিবেশনে ৮৮ সদস্যের এ কর্মপরিষদ গঠিত হয়। নতুন এ কমিটিতে সদস্য হয়েছেন সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী মোহাম্মদ শিশির মনির। কমিটিতে আরও রয়েছেন মাহফুজুর রহমান (খুলনা), মওলানা এ টি এম আজম খান, অধ্যাপক জামাল উদ্দিন, আব্দুস সবুর ফকির, অধ্যাপক আবু তালেব মণ্ডল, অধ্যাপক নজরুল ইসলাম (পাবনা), ড. আলমগীর বিশ্বাস, দেলাওয়ার হোসাইন, অ্যাডভোকেট আতিকুর রহমান, মাহফুজুর রহমান (ঢাকা), জাহিদুর রহমান, আবিদুর রহমান সোহেল প্রমুখ।
(জাগো নিউজ ওয়েব পেজঃ ২২.০২.২০২৬ রিহাব)

## মশা নিধন চেয়ে ঢাকা উত্তর সিটির প্রধান নির্বাহী কর্মকর্তাকে নোটিশ

ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) এলাকায় মশার উপদ্রব বন্ধ ও মশা নিধনে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে আইনি নোটিশ পাঠানো হয়েছে। সংস্থার সচিব এবং প্রধান নির্বাহী কর্মকর্তাকে এই নোটিশ দেওয়া হয়েছে। নোটিশ পাওয়ার সাতদিনের মধ্যে কার্যকর পদক্ষেপ না নিলে উচ্চ আদালতে রিট আবেদনসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে। রোববার (২২ ফেব্রুয়ারি) আইনজীবী এইচ এম রাশদুল ইসলাম (রাশেদ) ডাকযোগে নোটিশটি পাঠান। এতে বলা হয়, নির্ধারিত সময়ের মধ্যে মশা নিধনে দৃশ্যমান পদক্ষেপ না নিলে সংবিধানের ১০২ অনুচ্ছেদ অনুযায়ী রিট আবেদন করা হবে। নোটিশে আইনজীবী রাশদুল উল্লেখ করেন, ২০২৫ সালের ৪ সেপ্টেম্বর মিরপুর-১-এর 'ডি' ব্লকে বসবাসকালে তিনি ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে দীর্ঘ চিকিৎসার পর সুস্থ হন। তবে একই বছরের ৩১ অক্টোবর অ্যাডভোকেট জান্নাতি রেহানা (জয়া) ডেঙ্গু আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় হাসপাতালে মৃত্যুবরণ করেন।
(জাগো নিউজ ওয়েব পেজঃ ২২.০২.২০২৬ রিহাব)

## প্রাথমিক শিক্ষকদের শাস্তির নির্দেশনার চিঠি বাতিল

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষা চলাকালীন কর্মবিরতিতে অংশ নেওয়া শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে নির্দেশনা দিয়ে জারি করা চিঠি বাতিল করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। রোববার (২২ ফেব্রুয়ারি) রাতে এক অফিস আদেশে অধিদপ্তর চিঠিটি বাতিল করে। এতে বলা হয়, একই তারিখে জারি করা আগের দেওয়া নির্দেশনা বাতিল করা হয়েছে। জানা যায়, সম্প্রতি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জানুয়ারি ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভায় পরীক্ষা চলাকালে কর্মবিরতিতে অংশ নেওয়া শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এরপর গত ১৯ ফেব্রুয়ারি প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের কাছে পাঠানো চিঠিতে বার্ষিক পরীক্ষা চলাকালীন কর্মবিরতিতে অংশ নেওয়া শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে নির্দেশনা দেন অধিদপ্তরের যুগ্মসচিব ও পরিচালক (পলিসি ও অপারেশন) এ কে মোহম্মদ সামছুল আহসান। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## প্রাথমিক শিক্ষায় পুরোনো ধারা বদলে ফেলতে হবে : শিক্ষামন্ত্রী

দেশের প্রাথমিক স্তরের শিক্ষায় যে পুরোনো ধারা বিদ্যমান, তা বদলে ফেলতে হবে বলে মন্তব্য করেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, দেশের শিক্ষাব্যবস্থাকে যুগোপযোগী ও কার্যকর করতে হলে পুরোনো চিন্তা-ধারা থেকে বেরিয়ে আসতে হবে। প্রাথমিক স্তর থেকে পুরোনো ধারা বদলাতে হবে। সময়ের চাহিদা অনুযায়ী, সৃজনশীল ও নতুন ভাবনায় এগোতে হবে আমাদের। রোববার (২২ ফেব্রুয়ারি) বিকেলে সচিবালয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে অনুষ্ঠিত পরিচিতি সভায় তিনি এসব কথা বলেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী বলেন, আমরা জনগণের প্রত্যাশা পূরণের দায়িত্ব নিয়েই কাজ করছি। শুধু সচিবালয়কে দুর্নীতিমুক্ত রাখলেই হবে না, মন্ত্রণালয়ের অধীন সব দপ্তর ও সংস্থার কার্যক্রমেও স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। সুশাসনের মাধ্যমে শিক্ষাক্ষেত্রে দৃশ্যমান পরিবর্তন আনাই আমাদের লক্ষ্য।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## খলিলুরকে পাকিস্তানি পররাষ্ট্রমন্ত্রীর ফোন, সম্পর্ক জোরদারে একমত

বাংলাদেশের নতুন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে টেলিফোন করেছেন পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ ইসহাক দার। ফোনে আলাপকালে তারা বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার এবং বিভিন্ন খাতে সহযোগিতা সম্প্রসারণে সম্মত হন। সেই সঙ্গে শান্তি, স্থিতিশীলতা ও সমৃদ্ধিকে সামনে রেখে ভবিষ্যৎমুখী অংশীদারিত্ব গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। রোববার (২২ ফেব্রুয়ারি) পাকিস্তানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। এ সময় সম্প্রতি দায়িত্ব গ্রহণ উপলক্ষ্যে বাংলাদেশি পররাষ্ট্রমন্ত্রীকে অভিনন্দন জানান তিনি। আলোচনায় দুই নেতা বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক আরও শক্তিশালী করার আগ্রহ প্রকাশ এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির বিষয়ে মতবিনিময় করেন। এছাড়া, বাণিজ্যসহ বিভিন্ন খাত এবং বহুপক্ষীয় ফোরামে সহযোগিতা বাড়াতে সম্মত হন তারা।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## বাংলাদেশ ব্যাংকের স্বায়ত্তশাসন নিয়ে সিদ্ধান্ত নেবে সরকার : মুখপাত্র

বাংলাদেশ ব্যাংকের স্বায়ত্তশাসনসহ গুরুত্বপূর্ণ নীতিগত বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব নতুন সরকারের- এমন মন্তব্য করেছেন কেন্দ্রীয় ব্যাংকের মুখপাত্র ও নির্বাহী পরিচালক আরিফ হোসেন খান। রোববার (২২ ফেব্রুয়ারি) এক প্রশ্নের জবাবে তিনি বলেন, সরকার পরিবর্তনের পর নতুন সরকারের কাছে পূর্ববর্তী দায়িত্বশীলরা বিভিন্ন বিষয়ে পরামর্শ দিয়ে থাকেন, যা একটি স্বাভাবিক প্রক্রিয়া। সদ্য সাবেক অর্থ উপদেষ্টা নতুন অর্থমন্ত্রীর জন্য কিছু নীতিগত পরামর্শ দিয়েছেন, যার মধ্যে বাংলাদেশ ব্যাংকের স্বায়ত্তশাসনের বিষয়টিও রয়েছে। আরিফ হোসেন খান বলেন, বাংলাদেশ ব্যাংকের স্বায়ত্তশাসন একটি সংবেদনশীল বিষয়। এ ধরনের বড়ো সিদ্ধান্ত নির্বাচিত সরকার নিলেই ভালো হয়। অন্তর্বর্তী সরকারের জন্য এমন সিদ্ধান্ত না নেওয়াটাই শ্রেয় বলে আমি মনে করি। তিনি আরও বলেন, নতুন অর্থমন্ত্রী নির্বাচনের আগে বিভিন্ন ফোরামে বাংলাদেশ ব্যাংকের স্বায়ত্তশাসনের বিষয়ে সোচ্চার ছিলেন। এখন তিনি দায়িত্ব গ্রহণ করায় এ বিষয়ে কার্যকর উদ্যোগ নেওয়া হবে বলে বাংলাদেশ ব্যাংক আশা করছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## চাঁদা না দিতে পুলিশের মাইকিং, সঙ্গে ছিলেন হাতকড়াসহ 'চাঁদাবাজ'

রাজধানীর মোহাম্মদপুরে চাঁদার দাবিতে একাধিক ব্যবসায়ীকে হুমকি দেওয়ার অভিযোগে স্থানীয়ভাবে সন্ত্রাসী ও চাঁদাবাজ হিসেবে পরিচিত ফারুক ওরফে কালা ফারুক নামের একজনকে গ্রেফতার করেছে পুলিশ। পরে হাতকড়া পরানো অবস্থায় তাকে নিয়ে চাঁদাবাজির বিরুদ্ধে মাইকিং করা হয়েছে। রোববার (২২ ফেব্রুয়ারি) বিকেলে কেরানীগঞ্জ থানার কলাতিয়া এলাকায় অভিযান চালিয়ে ফারুককে গ্রেফতার করে পুলিশ। বিষয়টি নিশ্চিত করে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের মোহাম্মদপুর জোনের সহকারী পুলিশ কমিশনার (এসি) আব্দুল্লাহ আল মামুন জানান, মোহাম্মদপুর থানার বসিলা গার্ডেন সিটি ও আশপাশের এলাকায় বিভিন্ন প্রতিষ্ঠানে গিয়ে চাঁদার দাবিতে হুমকি

দিয়ে আসছিলেন ফারুক ও তার সহযোগীরা। সম্প্রতি এক ব্যবসায়ী অভিযোগ দিলে তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে কাজ শুরু করে পুলিশ। এরই মধ্যে তার হুমকি দেওয়ার একাধিক সিসিটিভি ফুটেজ ভাইরাল হয়। পরে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## উত্তরা ইপিজেডে ২০ মিলিয়ন ডলার বিনিয়োগ করবে তিয়ানফোর্ড টেক্সটাইল

হংকং-ভিত্তিক প্রতিষ্ঠান তিয়ানফোর্ড বাংলাদেশ টেক্সটাইল কোম্পানি লিমিটেড উত্তরা ইপিজেডে প্রায় ২০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। উত্তরা ইপিজেডে একটি তৈরি পোশাক প্রস্তুতকারী কারখানা স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের (বেপজা) সঙ্গে লিজ চুক্তি সই করেছে। এ খাতে প্রতিষ্ঠানটি ১৯ দশমিক ৫৯ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। এর মাধ্যমে ৩ হাজার ২৫৪ জন বাংলাদেশি নাগরিকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। রোববার (২২ ফেব্রুয়ারি) রাজধানীর বেপজা কমপ্লেক্সে এ চুক্তি সই হয়। বেপজার পক্ষে নির্বাহী পরিচালক (বিনিয়োগ উন্নয়ন) মো. তানভীর হোসেন এবং বিনিয়োগকারী কোম্পানির পক্ষে তিয়ানফোর্ড বাংলাদেশ টেক্সটাইল কোম্পানি লিমিটেডের মনোনীত পরিচালক জি ঝেনিউ চুক্তিতে সই করেন। বেপজার নির্বাহী চেয়ারম্যান মেজর জেনারেল মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন চুক্তিসই অনুষ্ঠান প্রত্যক্ষ করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## গোপালগঞ্জে ইসলামী ব্যাংক থেকে ২০ লাখ টাকা চুরি, গ্রেফতার ২

গোপালগঞ্জে ইসলামী ব্যাংক থেকে ২০ লাখ টাকা চুরির ঘটনায় টিটন খান (৩৬) ও ইউনুস শেখ (৪৭) নামের চোর চক্রের দুই সদস্যকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার (২২ ফেব্রুয়ারি) খুলনার দিঘলিয়া থানা এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়। এ সময় তাদের কাছ থেকে নগদ ২৭ হাজার টাকা, চোরাই টাকা দিয়ে কেনা জমির দলিলের রশিদ, চুরির কাজে ব্যবহৃত সুজুকি ব্র্যান্ডের কালো রঙের ১৫৫ সিসি মোটরসাইকেল উদ্ধার করা হয়। গোপালগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি) সারোয়ার হোসেন জানান, গত ৯ ফেব্রুয়ারি দুপুরে গোপালগঞ্জ শহরের ইসলামী ব্যাংকের ম্যানেজারের কক্ষের টেবিলের নিচ থেকে মামলার বাদী ফজলুল হকের নগদ ২০ লাখ টাকা চুরি হয়ে যায়। এ ঘটনায় বাদী গোপালগঞ্জ সদর থানায় মামলা করেন। পরে শনিবার (২১ ফেব্রুয়ারি) ওই দু-জনকে খুলনা থেকে গ্রেফতার করা হয়। উপ-পরিদর্শক (এসআই) হাসানুর রহমান জানান, প্রাথমিক তদন্তে জানা গেছে, আসামিরা পেশাদার চোর চক্রের সদস্য। তাদের নামে দেশের বিভিন্ন থানায় ১৫টি মামলা রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহযোগিতা সরকারের লক্ষ্য অর্জনে সহায়ক হবে

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) সহযোগিতা সুস্থ-সবল জাতি গঠনে সরকারের লক্ষ্য অর্জনে সহায়ক হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ প্রতিমন্ত্রী ড. এম এ মুহিত। রোববার (২২ ফেব্রুয়ারি) সচিবালয়ে ডব্লিউএইচওর বাংলাদেশ প্রতিনিধি ডা. আহমেদ জামশেদ মোহাম্মদের সঙ্গে বৈঠকের পর প্রতিমন্ত্রী এ কথা বলেন। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সাক্ষাৎকালে তারা বাংলাদেশের স্বাস্থ্য খাতের সার্বিক উন্নয়ন ও জনস্বাস্থ্য সুরক্ষা নিয়ে আলোচনা করেন। এম এ মুহিত বলেন, "বিশ্ব স্বাস্থ্য সংস্থা বাংলাদেশের দীর্ঘদিনের উন্নয়ন সহযোগী। প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশনায় আমরা একটি সুস্থ ও সবল জাতি গঠনে কাজ করছি, যেখানে ডাব্লিউএইচও-এর সহযোগিতা আমাদের লক্ষ্য অর্জনে সহায়ক হবে।" আহমেদ জামশেদ প্রধানমন্ত্রী তারেক রহমানের সরকারের স্বাস্থ্য খাতের সাম্প্রতিক পরিকল্পনার প্রশংসা এবং আগামীতে যৌথভাবে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## লক্ষ্য হবে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করে বিদেশে রপ্তানি

বিএনপি নেতৃত্বাধীন নতুন সরকারের লক্ষ্য হবে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করে বিদেশে রপ্তানি করা- এমনটাই জানিয়েছেন খাদ্যমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশীদ। রোববার (২২ ফেব্রুয়ারি) খাদ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে পরিচিতি সভায় মন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, "আগামী প্রজন্মের জন্য একটি সুন্দর বাংলাদেশ রেখে যেতে চাই। এ লক্ষ্যে আমরা কাজ করে যাবো। সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের মাধ্যমে দেশে প্রতিষ্ঠিত বর্তমান সরকারের কাছে জনগণের প্রত্যাশা অনেক বেশি। হাজার বছর আগে এ পৃথিবীতে যারা এসেছিলেন, তারা পৃথিবীটাকে আমাদের জন্য সুন্দর করে রেখে গেছেন বলেই আমরা উপভোগ করতে পারছি। আমাদের প্রত্যেক মানুষের বড়ো দায়িত্ব হলো আগামী দিনে যারা এই পৃথিবীতে আসবে, তাদের জন্য একটি সুন্দর পৃথিবী, সুন্দর বাংলাদেশ উপহার দেওয়া জন্য কাজ করা। আমরা নিজেদের সেই কাজে নিয়োজিত করেছি," যোগ করেন তিনি। সুন্দর বাংলাদেশ গড়ার জন্য মন্ত্রী খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সহযোগিতা চান। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## মব সৃষ্টিকারীদের শাস্তির মাধ্যমে বাজারে শৃঙ্খলা প্রতিষ্ঠার আহ্বান

মব সৃষ্টিকারীদের বিরুদ্ধে কঠোর শাস্তির মাধ্যমে বাজারে শৃঙ্খলা প্রতিষ্ঠার আহ্বান জানিয়েছে কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)। রোববার (২২ ফেব্রুয়ারি) জাতীয় প্রেস ক্লাবের সামনে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজারে অভিযানে বাধা দেওয়া ও মার্কেট বন্ধের হুমকির প্রতিবাদ এবং দোষীদের বিরুদ্ধে শাস্তিমূলক

ব্যবস্থা গ্রহণের দাবিতে আয়োজিত মানববন্ধনে এসব কথা বলেন সংগঠনটির সাধারণ সম্পাদক হুমায়ুন কবীর ভুঁইয়া। এসময় ক্যাবের পক্ষ থেকে ৫ দফা দাবি তুলে ধরা হয়। ক্যাব সাধারণ সম্পাদক বলেন, পণ্য ক্রয়ের বৈধ ক্যাশ মেমো সংরক্ষণ ও প্রদর্শনের মাধ্যমে ন্যায্যমূল্যে পণ্য বিক্রি নিশ্চিত করা সম্ভব। তবে সিন্ডিকেটের মাধ্যমে বাড়তি দামে পণ্য বিক্রির বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া জরুরি। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## সর্বোত্তম সেবা দেওয়া ৩ হজ গাইডকে পুরস্কার দেবেন ধর্মমন্ত্রী

চলতি বছর হজে সর্বোত্তম সেবা দেওয়া তিনজন হজ গাইডকে ব্যক্তিগতভাবে পুরস্কার দেওয়ার ঘোষণা দিয়েছেন ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জল হোসাইন (কায়কোবাদ)। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীকে যথাক্রমে পাঁচ লাখ, তিন লাখ ও দুই লাখ টাকা পুরস্কার দেওয়ার ঘোষণা দিয়েছেন তিনি। রোববার (২২ ফেব্রুয়ারি) রাজধানীর আশকোনায় হজ অফিসের সম্মেলন কক্ষে বেসরকারি হজ গাইডদের প্রশিক্ষণের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে অনলাইন প্ল্যাটফর্মে যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ ঘোষণা দেন। ধর্মমন্ত্রী বলেন, হজযাত্রীরা আল্লাহর মেহমান। তাদের খেদমত করতে পারা অত্যন্ত সৌভাগ্যের ও মর্যাদার বিষয়। মাতা-পিতার মতো হজযাত্রীদের খেদমত করতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## মানুষের পাশে থাকাই হবে বিএনপির আগামী দিনের রাজনীতি : মেয়র শাহাদাত

চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, রমজান হচ্ছে সম্প্রীতির মাস, ভালোবাসার মাস। একে অপরকে সহযোগিতা করার মাস। রাজনীতিতে এ গুণাবলি আমাদের আনতে হবে। শুধু রোজার মাসে হলে হবে না, সারা বছরই আমাদের রাজনীতিতে গুণগত পরিবর্তন আনতে হবে। মানুষের সঙ্গে সম্পৃক্ত থাকতে হবে। মানুষকে ভালোবাসতে হবে। মানুষের সুখে-দুঃখে পাশে থাকাই হবে বিএনপির আগামী দিনের রাজনীতি, তারেক রহমানের রাজনীতি। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## জুলাই সনদের বিপক্ষে গেলে সরকার পরিচালনার অধিকার কেড়ে নেবে জনগণ

জুলাই সনদের বিপক্ষে গেলে সরকার পরিচালনার অধিকার জনগণ কেড়ে নেবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও চট্টগ্রাম মহানগরীর আমির মুহাম্মদ নজরুল ইসলাম। রোববার (২২ ফেব্রুয়ারি) চট্টগ্রাম মহানগর জামায়াতের কার্যালয়ে **১১** দলীয় ঐক্য জোটের নেতাদের নিয়ে আয়োজিত ইফতার মাহফিলে সভাপতির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। মুহাম্মদ নজরুল ইসলাম বলেন, বিএনপির নির্বাচিত সংসদ সদস্যরা (এমপি) সংবিধান সংস্কার পরিষদের শপথ না নিয়ে গণভোটে ‘হ্যাঁ’-এর পক্ষে জনগণের ম্যান্ডেটকে অবমাননা করেছেন। চব্বিশের জুলাই শহিদদের রক্তের ওপর দাঁড়িয়ে জুলাই সনদের বিপক্ষে তাদের অবস্থান অত্যন্ত ন্যক্কারজনক। জুলাই চেতনায় ঐক্যবদ্ধ বাংলাদেশের জনগণ তাদের উল্টো যাত্রা কখনও মেনে নেবে না। প্রয়োজনে জুলাই শহিদদের রক্ত ঋণ শোধ করতে আন্দোলনে নামবে এবং সরকার পরিচালনার অধিকার কেড়ে নিতে বাধ্য হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## শিক্ষকদের সব দাবি প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরবো : শিক্ষামন্ত্রী

শিক্ষকদের সব দাবি-দাওয়া প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে তুলে ধরবেন বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেন, বাজেট-সংক্রান্ত কিছু সীমাবদ্ধতা রয়েছে। নতুন বাজেটে অনেক বিষয় অন্তর্ভুক্ত না থাকায় তাৎক্ষণিকভাবে সব দাবি বাস্তবায়ন সম্ভব নয়। সব বিষয়ে সরকার আন্তরিক। শিক্ষকদের সব দাবি-দাওয়া প্রধানমন্ত্রীর কাছে উপস্থাপন করা হবে। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষকদের ন্যায্য দাবি আদায়ে আর রাজপথে নামার প্রয়োজন হবে না। সরকার শিক্ষা মন্ত্রণালয়কে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে এবং শিক্ষক-কর্মচারীদের যৌক্তিক দাবিগুলো পর্যায়ক্রমে বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হবে। শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ প্রসঙ্গে তিনি বলেন, অভিযোগগুলো পর্যায়ক্রমে পর্যালোচনা ও সমাধান করা হবে। স্কুল ব্যবস্থাপনা কমিটি ও গভর্নিং বডি-সংক্রান্ত বিষয়েও আলোচনা চলছে। একজন ব্যক্তিকে একাধিক প্রতিষ্ঠানের দায়িত্ব না দেওয়ার বিষয়টি ম্যানেজিং কমিটির সভায় বিবেচনা করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

## রূপপুর প্রকল্পে ‘নিয়োগে অনিয়ম’ তদন্তে হাইকোর্টের নির্দেশ

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পে ছয় কর্মকর্তার নিয়োগে অনিয়মের অভিযোগ তদন্তের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি সচিবকে প্রধান করে একটি কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। এ সংক্রান্ত বিষয়ে অনুসন্ধানের জন্য কমিটিকে আগামী আট সপ্তাহ সময় বেঁধে দিয়েছেন আদালত। ওই সময়ের মধ্যে অনুসন্ধানের ব্যাপারে আদালতে প্রতিবেদন জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তারা নিয়োগে অনিয়মের অভিযোগ তদন্ত না করায়, তাদের নিষ্ক্রিয়তাকে কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে একটি রুলও জারি করেছেন আদালত। এ সংক্রান্ত বিষয়ে দায়ের করা রিটের প্রাথমিক শুনানি নিয়ে রোববার (২২ ফেব্রুয়ারি) হাইকোর্টের বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। আদালতে এদিন রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী মাসুদ আহমেদ সাঈদ শিবলী। সুপ্রিম কোর্টের আইনজীবী সাকিনা বেগমের জনস্বার্থে করা রিট আবেদনের পর, হাইকোর্ট বেঞ্চ এই আদেশ ও রুল জারি করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০২.২০২৬ রিহাব)

# BBC

**IRAN STUDENTS STAGE FIRST LARGE ANTI-GOVERNMENT PROTESTS SINCE DEADLY CRACKDOWN**

Students at several universities in Iran have staged anti-government protests - the first such rallies on this scale since last month's deadly crackdown by the authorities. The BBC has verified footage of demonstrators marching on the campus of the Sheriff University of Technology in the capital Tehran on Saturday. Scuffles were later seen breaking out between them and government supporters. A sit-in was held at another Tehran university, and a rally reported in the north-east. Students were honouring thousands of those killed in mass protests in January. The US has been building up its military presence near Iran, and President Donald Trump has said he is considering a limited military strike.
(BBC News Web Page: 22/02/26, FARUK)

**PAKISTAN LAUNCHES DEADLY STRIKE ON AFGHANISTAN**

Pakistan has carried out multiple overnight air strikes on Afghanistan, which the Taliban has said killed at least 18 people, including women and children. Islamabad said the attacks targeted seven alleged militant camps and hideouts near the Pakistan-Afghanistan border and that they had been launched after recent suicide bombings in Pakistan. Afghanistan condemned the attacks, saying they targeted multiple civilian homes and a religious school. The fresh strikes come after the two countries agreed to a fragile ceasefire in October following deadly cross-border clashes , though subsequent fighting has taken place.
(BBC News Web Page: 22/02/26, FARUK)

**MORE THAN 1,500 VENEZUELAN POLITICAL PRISONERS APPLY FOR AMNESTY**

A total of 1,557 Venezuelan political prisoners have applied for amnesty under a new law introduced on Thursday, the country's National Assembly President has said. Jorge Rodriguez, brother of Venezuelan interim President Delcy Rodriguez and an ally of former President Nicolas Maduro, also said "hundreds" of prisoners had already been released. Among them is politician Juan Pablo Guanipa, one of several opposition voices to have criticized the law for excluding certain prisoners. The US has urged Venezuela to speed up its release of political prisoners since US forces seized Maduro in a raid on 3 January. Venezuela's socialist government has always denied holding political prisoners.
(BBC News Web Page: 22/02/26, FARUK)

**DIVERS RECOVER BODIES OF SEVEN CHINESE TOURISTS FROM BOTTOM OF LAKE BAIKAL**

Russian authorities say divers have recovered the bodies of seven Chinese tourists and a Russian driver who died after their mini-bus plunged under the ice to the bottom of Lake Baikal in Siberia. Irkutsk regional Governor Igor Kobzev offered his "deepest condolences to the families and friends of the victims". He earlier said one Chinese tourist had managed to escape. The depth at the site of Friday's accident was 18m, and the divers had to use underwater cameras to search for the bodies. Baikal - the world's deepest lake with a maximum depth of 1,642m - is a popular tourist destination. It often freezes during harsh winters and has seen a number of deadly accidents over the years.
(BBC News Web Page: 22/02/26, FARUK)

**TRUMP SAYS HE WILL INCREASE HIS NEW GLOBAL TARIFFS TO 15%**

US President Donald Trump has said he will impose global tariffs of 15%, as he has continued to rail against a Supreme Court ruling that struck down his previous import taxes. Trump said on Friday that he would replace the tariffs scrapped by the court with a 10% levy on all goods coming into the US. But on Saturday, he announced on Truth Social that this would be increased to the maximum allowed under a never-used trade law. That law allows these new tariffs to stay in place for around five months before the administration must seek congressional approval. (BBC News Web Page: 22/02/26, FARUK)

**EIGHT BODIES RECOVERED IN LIBYA, GREECE AS MEDITERRANEAN DEATH TOLL RISES**

Police in Libya have recovered the bodies of five asylum seekers that washed ashore near the capital, Tripoli, as authorities in Greece announced the deaths of three others in a separate incident off the coast of Crete. The bodies in Libya were found on Saturday by residents of the coastal town of Qasr al-Akhyar, according to a police officer. Hassan al-Ghawil, head of investigations at the Qasr al-Akhyar police station, told the Reuters news

agency that the bodies were all of "dark-skinned people". Two of them were women. He said people in the area had reported seeing a child's body wash ashore before the waves returned it to sea. The tragedy came as Greek authorities were responding to a separate incident in the eastern Mediterranean. (BBC News Web Page: 22/02/26, FARUK)

**SOMALILAND MINISTER SAYS US MAY ACCESS ITS MINERALS, MILITARY BASES: REPORT**

Somaliland is prepared to grant the United States access to its mineral resources and military bases, a senior minister says, as the breakaway Somali region pursues international recognition. "We are willing to give exclusive access to our minerals to the United States. Also, we are open to offer military bases to the United States," Khadar Hussein Abdi, minister of the presidency, told the AFP news agency in an interview on Saturday. "We believe that we will agree on something with the United States." Israel became the only country in the world to recognize Somaliland's independence in December, something the territory has been seeking since declaring its autonomy from Somalia in 1991.
(BBC News Web Page: 22/02/26, FARUK)

**AT LEAST ONE KILLED IN WIDESCALE RUSSIAN ATTACKS ON UKRAINE'S ENERGY SECTOR**

Russia has launched dozens of missiles and hundreds of drones at Ukraine, killing at least one person, according to Ukrainian officials. The most powerful attacks were reported in the regions of Kyiv, Odesa and Kharkiv, the officials said on Sunday. Ukraine's air force said Moscow launched 50 ballistic and cruise missiles and 297 drones overnight, the majority of which were intercepted. "Moscow continues to invest in strikes more than in diplomacy," Ukrainian President Volodymyr Zelensky said, adding that this past week alone, Russia launched more than 1,300 drones, more than 1,400 guided aerial bombs and 96 missiles against Ukraine. (BBC News Web Page: 22/02/26, FARUK)

**US AMBASSADOR'S ISRAEL COMMENTS CONDEMNED BY ARAB AND MUSLIM NATIONS**

Arab and Muslim governments have condemned remarks made by the US Ambassador to Israel Mike Huckabee, who suggested Israel would be justified in taking over a vast stretch of the Middle East on Biblical grounds. In an interview with conservative US commentator Tucker Carlson, Huckabee was asked whether Israel had a right to an area which the host said was, according to the Bible, "essentially the entire Middle East". The ambassador said "it would be fine if it took it all". But he added Israel was not seeking to do so, rather it is "asking to at least take the land that they now occupy" and protect its people. In a joint statement, more than a dozen governments including Jordan, Egypt and the United Arab Emirates called the comments "dangerous and inflammatory", and a threat to efforts to end the war in Gaza. (BBC News Web Page: 22/02/26, FARUK)

## :: THE END ::